# সচরাচর জিজ্ঞাসিত প্রশ্নাবলী (FAQs)

## ভোটার আইডি জনসচেতনতামূলক প্রচারণা

### বৃহত্তর লন্ডন কর্তৃপক্ষ (Greater London Authority) কে?

বৃহত্তর লন্ডন কর্তৃপক্ষ (The Greater London Authority, GLA), লন্ডন সিটি হল নামেও পরিচিত, সিটি হল লন্ডনের আঞ্চলিক সরকার, যার এখতিয়ার বৃহত্তর লন্ডন এবং লন্ডন সিটির উপর। GLA লন্ডনের মেয়র এবং লন্ডন অ্যাসেম্বলি নিয়ে গঠিত।

### সাউট আউট ইউকে (Shout Out UK) কে?

Shout Out UK (SOUK) হলো, একটি নিরপেক্ষ ক্রিয়েটিভ সোশ্যাল এন্টারপ্রাইজ যারা বিশেষভাবে তরুণদের মধ্যে মিডিয়া এবং রাজনৈতিক সচেতনতা বৃদ্ধির জন্য কাজ করে। SOUK 2020 থেকে 2024 পর্যন্ত GLA-সমন্বিত লন্ডন ভোটার রেজিস্ট্রেশন সপ্তাহের জন্য ডেলিভারি পার্টনার হিসেবে কাজ করেছে।

নিরপেক্ষ ভোটার আইডি জনসচেতনতা প্রচারের জন্য, SOUK সোশ্যাল মিডিয়া অ্যাসেট এবং প্রস্তাবিত সোশ্যাল মিডিয়া কপি সহ এবং শিক্ষা উপকরণগুলো সমগ্র লন্ডন জুড়ে কমিউনিটি এবং অংশীদারদের সাথে এবং শিক্ষা প্রতিষ্ঠানগুলোর সাথে সকল রিসোর্স প্রচার করবে এবং শেয়ার করবে যাতে সর্বদা নিরপেক্ষতা নিশ্চিত করা যায়।

### ভোটার আইডি জনসচেতনতামূলক প্রচারণা কী?

নির্বাচনী আইন (2022) আমাদের ভোট দেওয়া এবং কারা ভোট দিতে পারে এই পদ্ধতিতে পরিবর্তন এনেছে।

তাই, জানুয়ারি 2023 সাল থেকে, বৃহত্তর লন্ডন কর্তৃপক্ষ একটি নিরপেক্ষ জনসচেতনতা প্রচারের জন্য সুশীল সমাজ সংস্থা, শিক্ষা প্রতিষ্ঠান এবং সকল লন্ডন বরো নির্বাচনী পরিষেবাগুলোর একটি বৈচিত্র্যময় জোটের সাথে সমন্বিতভাবে কাজ করছে। প্রচারণার উদ্দেশ্য ছিলো নিচে উল্লেখিত এই সকল নজিরবিহীন পরিবর্তনের বিষয়ে সকল যোগ্য লন্ডনবাসী, বিশেষ করে নিবন্ধনের অধীনস্থ এবং প্রতিনিধিত্বের অধীনস্থ লন্ডনবাসীদের অবগত করা:

- সংসদীয়/সাধারণ নির্বাচন, স্থানীয়/বরো নির্বাচন এবং লন্ডনের মেয়র/লন্ডন বিধানসভা নির্বাচনে সশরীরে ভোট দেওয়ার জন্য বাধ্যতামূলক ফটো শনাক্তকরণের বাস্তবায়ন।
- কিছু EU লন্ডনবাসীর জন্য ভোটদানের অধিকারে পরিবর্তন
- পোস্টাল এবং প্রক্সি ভোটিং-এর আবেদনের ক্ষেত্রে আনা পরিবর্তন

GLA এর নেতৃত্বে জনসচেতনতামূলক প্রচারণা নির্বাচন কমিশনের সাথে সমন্বিত এবং সাউট আউট ইউকে (Shout Out UK, SOUK) দ্বারা প্রদান করা হয়। বার্ষিক লন্ডন ভোটার রেজিস্ট্রেশন সপ্তাহের মডেলের উপর ভিত্তি করে, GLA এবং SOUK কম প্রতিনিধিত্বশীল কমিউনিটিগুলোর সাথে তথ্য এবং শিক্ষা উপকণের সম্মিলিত পরিকল্পনা করেছে যারা এই পরিবর্তনগুলোর দ্বারা অসামঞ্জস্যপূর্ণভাবে প্রভাবিত হবে। উপকরণ এবং কার্যকলাপ শেয়ার করা হবে এবং অংশীদারদের

একটি বিস্তৃত, প্যান-লন্ডন জোটের সমর্থনে অনলাইন এবং অফলাইনে পরিচালিত হবে।

একই সাথে এবং এই কার্যক্রমকে আরো জোরদার করার লক্ষ্যে, GLA ডেমোক্রেটিক পার্টিসিপেশন গ্রান্ট প্রোগ্রামে সফলভাবে বিডকারীরা বিশ্বস্ত কমিউনিটি সেটিংস এ কর্মকাণ্ড পরিচালনা করবেন। আপনি https://registertovote.london/ এ GLA ডেমোক্রেসি হাবের বিষয়ে আরো বিস্তারিত তথ্য পাবেন

**লন্ডন ভোটার নিবন্ধন সপ্তাহ (LVRW) কী?**

এটি একটি বার্ষিক নির্দলীয় রাজনৈতিক, নিরপেক্ষ, অ-নির্বাচন কেন্দ্রিক প্রকল্প যা বৃহত্তর  লন্ডন কর্তৃপক্ষ দ্বারা পরিচালিত হয়, যেখানে একটি বিতরণ অংশীদার, লন্ডন ভোটার নিবন্ধন কৌশলগত অংশীদারিত্ব এবং সমর্থনের একটি বিস্তৃত জোট, যেন লন্ডনবাসী বিশেষ করে কম নিবন্ধিত এবং কম প্রতিনিধিত্বশীল লন্ডনবাসীদের ভোট দেওয়ার জন্য নিবন্ধন করার জন্য জানানো এবং উৎসাহিত করা যায়।

**আমরা কেন এটি করছি / লন্ডনবাসীরা কিভাবে প্রভাবিত হবে?**

নির্বাচন আইন (2022) দ্বারা আনা গণতান্ত্রিক অধিকারের পরিবর্তনগুলো ইতোমধ্যেই কম নিবন্ধিত এবং কম প্রতিনিধিত্বশীল লন্ডনবাসীদের জন্য উল্লেখযোগ্য বাধা তৈরি করেছে, যাদের মধ্যে অনেকেই কোভিড মহামারী ও জীবনযাত্রার ব্যয়-সংকটের দ্বারা অসামঞ্জস্যপূর্ণভাবে প্রভাবিত হয়েছেন।

লন্ডনে এখন যুক্তরাজ্যের অঞ্চল এবং দেশ জুড়ে সর্বনিম্ন ভোটারনিবন্ধনের হার রয়েছে। এখানে আরও জানুন https://data.london.gov.uk/dataset/survey-of-londoners-2021-22

জোসেফ রাউন্ট্রি ফাউন্ডেশন (ফেব্রুয়ারি 2022), ট্রাস্ট ফর লন্ডন এবং the3million (“লন্ডন ভয়েস: দি জার্নি টু ফুল পারর্টিসিপেশন”, ডিসেম্বর 2021) এবং GLA পোলিং (আগস্ট 2022 থেকে জানুয়ারি 2024-এর মধ্যে) থেকে পাওয়া প্রমাণগুলো যেসব ডেমোগ্রাফিক এবং কমিউনিটির একটি গ্রহণযোগ্য ফটো আইডি থাকার সম্ভাবনা সব থেকে কম তাদের শনাক্ত করে। এগুলো হলো:

- তরুণ লন্ডনবাসী (18-25 বছর বয়সী)
- ইইউ লন্ডনবাসী সহ ব্ল্যাক, এশিয়ান, সংখ্যালঘু জাতিগত এবং অভিবাসীলন্ডনবাসী
- ডি/বধির এবং প্রতিবন্ধী লন্ডনবাসী
- বৃদ্ধ লন্ডনবাসী
- LGBTQIA+ লন্ডনবাসী, ট্রান্স এবং নন- বাইনারি লন্ডনবাসীর উপর ফোকাস সহ
- নিম্ন আয়ের লন্ডনবাসী
- গৃহহীন লন্ডনবাসীসহ সামাজিক এবং ব্যক্তিগত ভাড়ায় থাকা লন্ডনবাসী, এবং অনিশ্চিত বাসস্থানে থাকা লন্ডনবাসী

**আমি ভোট দেওয়ার জন্য ফটো আইডি প্রবর্তনের ব্যাপারে উদ্বিগ্ন, আমি কার সাথে কথা বলতে পারি?**

GLA ভোট দেওয়ার জন্য ফটো আইডি প্রবর্তন করেনি, বরং এর সচেতনতা বাড়াতে এবং সমতার প্রভাবগুলি তুলে ধরতে চেষ্টা করার ক্ষমতা রয়েছে।

আপনি যদি একটি সুশীল সমাজ সংস্থা হন এবং সচেতনতা বৃদ্ধি এবং আমাদের রিসোর্স বিতরণে আমাদের সহায়তা করতে চান তাহলে আমরা যতটা সম্ভব বেশি লন্ডনবাসীর নিকটে পৌছাতে পারছি তা নিশ্চিত করতে অনুগ্রহ করে democracy@london.gov.uk-এর মাধ্যমে GLA ডেমোক্রেটিক পার্টিসিপেশন টিমের সাথে যোগাযোগ করুন।

আপনি যদি ভোট দেওয়ার জন্য ফটো আইডি প্রবর্তনের বিষয়ে উদ্বেগ প্রকাশ করতে চান, তাহলে আপনি correspondence@levellingup.gov.uk -এ ইমেইল করতে পারেন বা Department for Levelling Up), Housing and Communities, 2 Marsham Street, London, SW1P 4DF এর কাছে লিখতে পারেন

## সশরীরে ভোট দেওয়ার জন্য ফটোগ্রাফিক সনাক্তকরণ দেখানোর শর্ত

### সশরীরে ভোট দিতে সক্ষম হওয়ার জন্য ফটোগ্রাফিক শনাক্তকরণের (ফটো আইডি) কোন ফরমগুলো গ্রহণ করা হবে?

ভোট দিতে স্বীকৃত ফটো আইডি কোনো ধরনের আইডি হতে পারে না। লন্ডনবাসীদের ভোট দিতে সক্ষম হওয়ার জন্য প্রয়োজনীয় পরিচয়ের প্রমাণ হিসাবে আইনে স্বীকৃত নিম্নোক্ত গ্রহণযোগ্য আইডিগুলোর **একটি**থাকতে হবে এবং উপস্থাপন করতে হবে:

- যুক্তরাজ্যের একটি পাসপোর্ট
- একটি ইউরোপীয় অর্থনৈতিক অঞ্চল (EEA) স্টেট বা একটি কমনওয়েলথ দেশ কর্তৃক ইস্যুকৃত পাসপোর্ট
- একটি EEA স্টেট কর্তৃক ইস্যুকৃত জাতীয় পরিচয়পত্র
- যুক্তরাজ্যের ড্রাইভিং লাইসেন্স (ছবি সহ, কাগজের লাইসেন্স গ্রহণ করা হবে না)
- চ্যানেল আইল্যান্ডস, আইল অব ম্যান বা একটি EEA স্টেট কর্তৃক ইস্যুকৃত একটি ড্রাইভিং লাইসেন্স
- একটি বায়োমেট্রিক ইমিগ্রেশন ডকুমেন্ট
- প্রুফ অব এজ স্ট্যান্ডার্ড স্কিম হলোগ্রাম সহ (Proof of Age Standards Scheme hologram) একটি পরিচয়পত্র (PASS card)
- একটি প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ফরম 90 (প্রতিরক্ষা পরিচয়পত্র)
- বয়স্ক ব্যক্তির বাস পাস, প্রতিবন্ধী ব্যক্তির বাস পাস, অয়েস্টার 60+ কার্ড, ফ্রিডম পাস
- একটি ব্লু ব্যাজ
- বিনামূল্যে একটি ভোটার কর্তৃপক্ষের সার্টিফিকেট।

অনুগ্রহ করে মনে রাখবেন যে আপনাকে ভোট কেন্দ্রে আপনার সাথে ফটো আইডির **আসল** ফর্মটি নিয়ে যেতে হবে। ডকুমেন্টের ফটোকপি এবং আপনার ফোনে থাকা ফটো গ্রহণ করা হবে না।

মেয়াদোত্তীর্ণ ফটো আইডির ফটো থেকে এখনও শনাক্ত গেলে লোকেরা সেগুলি ব্যবহার করতে পারবে। নির্বাচন কমিশনের ওয়েবসাইটেসকল স্বীকৃত ধরনের ফটো আইডি সম্পর্কে আরও তথ্য রয়েছে https://www.electoralcommission.org.uk/voting-and-elections/voter-id।

যদি সেগুলি এই তালিকায় না থাকে, তাহলে ভোট দিতে সক্ষম হওয়ার জন্য অন্য কোনো তৃতীয় পক্ষের দ্বারা ইস্যু করা অন্যান্য ফটো আইডি পরিচয়ের প্রমাণ হিসাবে গ্রহণকরা হবে**না**

### ভোট দেওয়ার জন্য একটি গ্রহণযোগ্য ফটো আইডি পেতে আমি কোথায় আরো তথ্য এবং সহায়তা পেতে পারি?

নির্বাচন কমিশন জাতীয় নির্দেশিকা প্রকাশ করেছে

https://www.electoralcommission.org.uk/voting-and-elections/voter-id এ

আপনি নিরপেক্ষ GLA ভোটার আইডি প্রচারাভিযানের রিসোর্সগুলো এবং GLA ডেমোক্রেসি হাবে কীভাবে জড়িত হতে হবে সে সম্পর্কে আরো তথ্য পেতে পারেন এখানে https://registertovote.london/

আপনি আপনার লাইসেন্সের জন্য আবেদন করতে পারবেন, নবায়ন বা আপডেট করতে, আপনার ড্রাইভিং লাইসেন্স দেখতে বা শেয়ার করতে আবেদন করতে পারবেন এখানে https://www.gov.uk/browse/driving/driving-licences

আপনি এখানে https://www.gov.uk/apply-renew-passport ব্রিটিশ পাসপোর্টের জন্য আবেদন করতে পারেন। আপনি আপনার স্থানীয় পোস্ট অফিস থেকে পাসপোর্ট আবেদনের ফর্ম সংগ্রহ করতে পারেন (https://www.postoffice.co.uk/branch-finder-এখানে আপনার শাখাটি খুঁজুন) এবং পোস্টের মাধ্যমে আবেদন করুন বা পোস্ট অফিস চেক ব্যবহার করুন এবং সার্ভিস পাঠান (বিস্তারিত তথ্যের জন্য https://www.gov.uk/how-the-post-office-check-and-send-service-works-এখানে যান)।

আপনি 60+ লন্ডন অয়েস্টার ফটোকার্ড সম্পর্কে আরও জানতে পারবেন এখানে https://tfl.gov.uk/fares/free-and-discounted-travel/60-plus-oyster-photocard

আপনি ব্লু ব্যাজ নবায়ন করার জন্য আবেদন করতে পারবেন এখানে https://www.gov.uk/apply-blue-badge ব্লু ব্যাজ স্কিম সম্পর্কিত যেকোনো প্রশ্নের জন্য স্থানীয় কাউন্সিলের সাথে যোগাযোগ করুন https://www.gov.uk/blue-badge-scheme-information-council ।

আপনার স্থানীয় সিটিজেন অ্যাডভাইস আপনাকে সহায়তা করতে সক্ষম হতে পারে। https://www.citizensadvice.org.uk/-এ ভিজিট করে আপনার স্থানীয় ব্রাঞ্চ খুঁজে নিন

বিনামূল্যে একটি ভোটার অথরিটি সার্টিফিকেট-এর জন্য আপনি https://www.gov.uk/apply-for-photo-id-voter-authority-certificate-এ আবেদন করতে পারবেন

**সশরীরে ভোট দেওয়ার জন্য ফটো আইডি দেখানোর শর্ত কখন শুরু হবে?**

সশরীরে ভোট দেওয়ার ক্ষেত্রে ফটো আইডির প্রয়োজনীয়তার বিষয়টি 2023 সাথে মে মাস থেকে ইংল্যান্ডের স্থানীয় নির্বাচনে প্রযোজ্য হবে। 2024 সালের 2রা মে লন্ডনের মেয়র এবং লন্ডন অ্যাসেম্বলি নির্বাচন, প্যান-লন্ডন নির্বাচনে এটি প্রথমবারের মতো প্রয়োগ করা হয়েছিলো। যুক্তরাজ্যের সংসদীয়/সাধারণ নির্বাচনের শর্তাবলী 5ই অক্টোবর, 2023-এর পরে অনুষ্ঠিত নির্বাচনের জন্য এবং 2023 সালের মে মাসের পরে অনুষ্ঠিত যেকোনো পৃথক সংসদীয় উপ-নির্বাচনের জন্য কার্যকর হয়েছে।

**আইডির অন্যান্য ফর্ম কেন গ্রহণ করা হয় না?**

আইনে ডকুমেন্টের প্রকারগুলি নির্দিষ্ট করা হয় যেগুলি ফটো আইডির গৃহীত ফর্ম। এগুলি যুক্তরাজ্যের সরকার কর্তৃক নির্ধারিত হয়।

যুক্তরাজ্যের সরকার বিবেচিত মানদণ্ডসহ ফটো আইডির কোন ফর্মগুলি গ্রহণ করা হয়  এবং কোনগুলি হয় না সেসম্পর্কে আরও তথ্য প্রদান করেছে। আপনি তা খুঁজে পাবেন https://www.gov.uk/government/publications/voter-identification-at-polling-stations-and-the-new-voter-card/protecting-the-integrity-of-our-elections-voter-identification-at-polling-stations-and-the-new-voter-card

**আমি যদি কোনো স্বীকৃত ফটো আইডি ছাড়া ভোটকেন্দ্রে যাই তাহলে কী হবে?**

আপনি যদি কোনো স্বীকৃত ফটো আইডি ছাড়া ভোট দিতে ভোট কেন্দ্রে যান, তাহলে আপনাকে ব্যালট পেপার দেওয়া হবে না এবং ফটো আইডির স্বীকৃত ফর্ম নিয়ে আবার যেতে হবে।

আপনি যদি আবার গিয়ে গৃহীত মূল ফটো আইডি দিতে পারেন, তাহলে আপনি ভোট দিতে সক্ষম হবেন।

**যদি আমি ভোট দেওয়ার জন্য একটি ফটো আইডি দেখাতে না চাই তাহলে কী হবে?**

আপনি যদি একটি ভোট কেন্দ্রে ফটো আইডি না দেখাতে পছন্দ করেন, তাহলে আপনি ডাকযোগে বা প্রতিনিধির মাধ্যমে ভোট দেওয়ার জন্য  আবেদন করতে পারেন। আবেদন করার জন্য বা ডাকযোগে ভোট দেওয়ার জন্য ফটো আইডির প্রয়োজন নেই। আপনি প্রতিনিধির মাধ্যমে ভোট দিতে আবেদন করার সময় এটি প্রয়োজন হয় না , তবে আপনার প্রতিনিধিকে ভোট কেন্দ্রে তার নিজের স্বীকৃত ফটো আইডি দেখাতে হবে যখন তিনি আপনার পক্ষে ভোট দিবেন।

### আমার ফটো আইডির কী বিবরণ চেক করা হবে?

ভোটকেন্দ্রে ফটো আইডি চেক করে নিশ্চিত করা হবে যে আপনার ফটো আইডিতে থাকা নামটি ইলেক্টোরাল রেজিস্টারে আপনার নামের মতোই রয়েছে। কর্মীরা আপনার আইডিতে থাকা জেন্ডার মার্কার, ঠিকানা বা জাতীয়তা চেক করবে না।

### ইলেক্টোরাল রেজিস্টারের নাম আমার ফটো আইডিতে দেওয়া নামের সাথে মিলছে না, তখন আমি কী করতে পারি?

আপনার ফটো আইডি থেকে নির্বাচনী রেজিস্টারে আপনার নাম ভিন্ন হলে, আপনি যা করতে পারেন:

- নাম পরিবর্তনের প্রমাণ হিসাবে আপনার সাথে একটি অফিসিয়াল ডকুমেন্ট আনুন, উদাহরণস্বরূপ একটি বিবাহ সনদ (সাথে আপনার ফটো আইডি)
- আপনার ভোট দেওয়ার জন্য নিবন্ধিত নামটি এবং একটি সাম্প্রতিক ছবি ব্যবহার করে একটি বিনামূল্যে ভোটার কর্তৃপক্ষের সার্টিফিকেটের জন্য আবেদন করতে পারেন https://www.gov.uk/apply-for-photo-id-voter-authority-certificate
- অথবা আপনি নির্বাচনী রেজিস্টারে আপনার নাম পরিবর্তন করতে আপনার স্থানীয় নির্বাচনী পরিষেবা টিমের সাথে যোগাযোগ করতে পারেন https://www.electoralcommission.org.uk/i-am-a/voter/your-election-information

### আমি কি ব্যক্তিগতভাবে আমার ফটো আইডি চেক করাতে পারব? আমাকে কি কেন এর কারণ জানাতে হবে?

হ্যাঁ, এই উদ্দেশ্যে ভোটকেন্দ্রে একটি ব্যক্তিগত জায়গা পাওয়া যাবে। আপনি আপনার ফটো আইডি ব্যক্তিগতভাবে চেক করার জন্য অনুরোধ করতে পারবেন। এই ধরনের অনুরোধগুলি সতর্কভাবে এবং সৌজন্যের সাথে পরিচালনা করা উচিত।

না, আপনাকে এই অনুরোধের কারণ জানাতে হবে না, এবং আপনাকে কেন এর ব্যাখ্যা করতে বলা হবে না।

### আমি ভোট দেওয়ার জন্য জেন্ডার মার্কারযুক্ত ফটো আইডি ব্যবহার করার বিষয়ে উদ্বিগ্ন, আমি কী করতে পারি?

আপনার ফটো আইডিতে থাকা নামটি সেটির সাথে একই হওয়া উচিত যা আপনি ভোট দেওয়ার জন্য নিবন্ধন করতে ব্যবহার করেছিলেন। আপনাকে জেন্ডার মার্কারযুক্ত একটি ফটো আইডি দেখাতে হবে না।

আপনার যদি ফটো আইডি না থেকে থাকে, আপনার লিঙ্গ সনাক্তকারী পুরানো ফটো আইডি ব্যবহার করার বিষয়ে আপনি উদ্বিগ্ন থাকলে অথবা আপনার সেই ফটো আইডির সাথে এখনো আপনার চেহারার মিল আছে কিনা তা নিয়ে আপনি নিশ্চিত না হলে আপনি বিনামূল্যে ভোটার অথোরিটি সার্টিফিকেটের জন্য https://www.gov.uk/apply-for-photo-id-voter-authority-certificate-এ আবেদন করতে পারবেন। ভোটার কর্তৃপক্ষের সার্টিফিকেটে কোনো জেন্ডার মার্কার থাকবে না।

### ভোটের দিনের আগে আমার ফটো আইডি হারিয়ে গেলে, চুরি হয়ে গেলে, ক্ষতি হয়ে গেলে বা নষ্ট হলে আমি কী করতে পারি?

আপনার ফটো আইডি হারিয়ে গেলে, চুরি হয়ে গেলে, নষ্ট হয়ে গেলে বা ক্ষতি হলে এবং ভোটার কর্তৃপক্ষের সার্টিফিকেটের জন্য আবেদন করার সময়সীমা শেষ হয়ে গেলে, আপনি জরুরি প্রতিনিধি ভোটের জন্য আবেদন করতে পারেন https://www.electoralcommission.org.uk/voting-and-elections/ways-vote/apply-vote-proxy

এটি শুধুমাত্র সাধারণ প্রক্সি ভোটের সময়সীমার পর ঘটা জরুরি পরিস্থিতিতে প্রযোজ্য হবে। এছাড়াও আপনার বেনামী নির্বাচকের ডকুমেন্ট হারিয়ে গেলে, চুরি হয়ে গেলে, ধ্বংস হয়ে গেলে বা নষ্ট হয়ে গেলেও এই ফর্মটি ব্যবহার করা যাবে। ভোটের দিন বিকাল 5টা পর্যন্ত এসকল আবেদন করা যাবে।

## বিনামূল্যে একটি ভোটার কর্তৃপক্ষের সার্টিফিকেট

### আমি কীভাবে বিনামূল্যে ভোটার কর্তৃপক্ষের সার্টিফিকেটের জন্য আবেদন করতে পারি?

যদি আপনার কাছে ভোট দেওয়ার জন্য ফটো আইডির একটি স্বীকৃত ফরম না থাকে, তাহলে আপনি বিনামূল্যে ভোটার কর্তৃপক্ষের সার্টিফিকেটের জন্য আবেদন করতে পারেন।এটি শুধুমাত্র ভোটের উদ্দেশ্যেই ব্যবহার করা যাবে, সাধারণ আইডি হিসেবে ব্যবহার করা যাবে না এবং এটির মেয়াদ 10 বছর। আবেদনের অংশ হিসাবে আপনাকে একটি ছবি, আপনার জন্মতারিখ এবং ন্যাশনাল ইন্স্যুরেন্স নম্বর প্রদান করতে হবে। আপনি যদি আপনার ন্যাশনাল ইন্স্যুরেন্স নম্বর না জানেন, বা আপনার কাছে না থাকে, তবুও আপনি আবেদন করতে পারবেন। আপনার কাউন্সিল আপনার পরিচয়ের বিকল্প প্রমাণের জন্য আপনার সাথে যোগাযোগ করবে।

আপনি অনলাইনে আবেদন করতে পারেন https://www.gov.uk/apply-for-photo-id-voter-authority-certificate

অথবা আপনি একটি কাগজের আবেদন ফর্ম পূরণ করতে পারেন এখানে https://assets.publishing.service.gov.uk/government/uploads/system/uploads/attachment_data/file/1137587/VAC_public_facing.pdf এবং এটি আপনার স্থানীয় কাউন্সিলে পাঠান। আপনি বড় প্রিন্ট, ব্রেইল বা সহজ পাঠ আকারে নির্দেশাবলীর জন্য অনুরোধ করতে পারেন।

আপনার স্থানীয় নির্বাচনী পরিষেবা টিমের সাথে যোগাযোগ করতে, এখানে আপনার পোস্ট কোড লিখুন - https://www.electoralcommission.org.uk/i-am-a/voter/your-election-information

### বিনামূল্যে ভোটার কর্তৃপক্ষের সার্টিফিকেটে কোন কোন তথ্য অন্তর্ভুক্ত করা হয়?

বিনামূল্যের ভোটার অথরিটি সার্টিফিকেটে আপনার পুরো নাম এবং ফটো, ইস্যুকারী স্থানীয় কাউন্সিল, একটি উপযুক্ত শনাক্তকারী (পরিষদ কর্তৃক বরাদ্দকৃত নম্বর এবং অক্ষর সহ রেফারেন্স), ইস্যু করার তারিখ এবং একটি প্রস্তাবিত নবায়ন তারিখ দেখাবে।

### ভোটার কর্তৃপক্ষের সার্টিফিকেটের আবেদনের জন্য ফটোর শর্তগুলো কী?

ভোটার কর্তৃপক্ষের সার্টিফিকেটের জন্য আবেদন প্রক্রিয়ার অংশ হিসেবে, আপনাকে একটি সাম্প্রতিক ফটো প্রদান করতে হবে। ফটোর জন্য শর্তগুলি পাসপোর্টের জন্য ফটোর শর্তাবলীর অনুরূপ এবং আপনার মাথা এবং কাঁধকে কিছু দিয়ে আপনার মাথা না ঢেকে দেখাতে হবে - যদি না ধর্মীয় বা চিকিৎসার কারণে মাথার কভারিং পরা হয়। যেকোনো কারণে আপনার মুখ আবৃত করা উচিত নয়।

ফটোর স্টাইল

ফটোটি অবশ্যই আবেদনকারীর হতে হবে:

- সামনের দিকে মুখ করে সরাসরি ক্যামেরার দিকে তাকাবে
- তার মাথা এবং কাঁধের ক্লোজ আপ, মাথায় কভারিং রাখা ছাড়াই, যদি না সে ধর্মীয় বিশ্বাস বা চিকিৎসাগত কারণে একটি পরে। যেকোনো কারণে মুখ ঢেকে রাখা যাবে না
- অন্য কোনো দৃশ্যমান ব্যক্তি ছাড়া
- সাধারণ মুখের অভিব্যক্তি নিয়ে এবং তার চোখ খোলা এবং স্পষ্টভাবে দৃশ্যমান অবস্থায়, উদাহরণস্বরূপ, সানগ্লাস ছাড়া এবং চুলের দ্বারা অস্পষ্ট না হওয়া।

অনুগ্রহ করে মনে রাখবেন যে, এটি প্রযোজ্য নয় যেখানে কোনো অক্ষমতার কারণে আবেদনকারী একটি বা উভয়ই শর্ত সঙ্গত ফটোগ্রাফ সরবরাহ করতে সক্ষম নয়

ফটোর মান

আবেদনকারীর ছবি অবশ্যই:

- বাস্তবে সদৃশ হতে হবে
- রঙীন হতে হবে
- একটি সমতল, হালকা পটভূমির বিপরীতে নেওয়া হতে হবে
- তীক্ষ্ণ ফোকাস এবং পরিষ্কার হতে হবে
- 'রেড আই', ছায়া মুক্ত হতে হবে যা মুখকে অস্পষ্ট করে, বা প্রতিফলন থেকে
- নষ্ট হতে পারবে না

ফটোর সাইজ

যেখানে আবেদনকারী অনলাইনে আবেদন করেন, সেখানে তার দেওয়া ছবি অবশ্যই এরকম হতে হবে:

- কমপক্ষে 750 পিক্সেল দৈর্ঘ্য এবং 600 পিক্সেল প্রস্থ
- একটি ইলেকট্রনিক ফাইলে থাকবে যার আকার 20MB এর বেশি নয়।

আবেদনকারী একটি কাগজের ফর্ম ব্যবহার করে আবেদন করলে সেক্ষেত্রে ছবিটি এরকম হতে হবে:

- কমপক্ষে 45 মিলিমিটার দৈর্ঘ্য এবং 35 মিলিমিটার প্রস্থ
- দৈর্ঘ্য 297 মিলিমিটার বা প্রস্থ 210 মিলিমিটারের বেশি নয়

**একটি বিনামূল্যে ভোটার কর্তৃপক্ষের সার্টিফিকেটের আবেদনের জন্য আমি কোথায় সহায়তা পেতে পারি?**

বিনামূল্যে ভোটার কর্তৃপক্ষের সার্টিফিকেটের জন্য আবেদন করতে, আপনার আবেদনের জন্য একটি ফটো তুলতে সাহায্য চাইলে বা একটি কাগজের আবেদনপত্রের জন্য অনুরোধ করতে চাইলে, আপনি আপনার বরো কাউন্সিলের নির্বাচনী পরিষেবা টিমের সাথে যোগাযোগ করতে পারেন।

আপনি আপনার পোস্টকোড প্রবেশ করে তাদের যোগাযোগের বিবরণ খুঁজে পেতে পারেন এখানে https://www.electoralcommission.org.uk/i-am-a/voter/your-election-information

আপনি আরো তথ্য পেতে পারেন এখানে https://www.electoralcommission.org.uk/voting-and-elections/voter-id/applying-a-voter-authority-certificate

**বিনামূল্যে ভোটার কর্তৃপক্ষের সার্টিফিকেটের জন্য আবেদন করার কোনো সময়সীমা আছে কি?**

হ্যাঁ, আপনি ভোটার অথোরিটি সার্টিফিকেট অথবা বেনামী নির্বাচক ডকুমেন্টের জন্য যেকোনো সময় আবেদন করতে পারবেন তবে নির্দিষ্ট নির্বাচনের জন্য আবেদনের সময়সীমা হলো ভোটের দিনের 6 দিন আগে বিকাল 5টা পর্যন্ত।

আপনার আবেদনের ব্যাপারে কীভাবে সিদ্ধান্ত নেওয়া হবে তা সহ আরও তথ্য জানতে, ইলেক্টোরাল নিবন্ধন কর্মকর্তাদের প্রদত্ত নির্বাচন কমিশন নির্দেশিকা দেখুন: https://www.electoralcommission.org.uk/running-electoral-registration-england/voter-authority-certificates-and-anonymous-electors-documents/deadlines-applications-voter-authority-certificates-or-anonymous-electors-documents-a-particular

**আমি কি অন্য জিনিসের জন্য ফটো আইডি হিসাবে ভোটার কর্তৃপক্ষের সার্টিফিকেটটি ব্যবহার করতে পারব?**

না, ভোটার কর্তৃপক্ষের সার্টিফিকেট শুধুমাত্র ভোট দেওয়ার উদ্দেশ্যে এবং অন্য কোনো উদ্দেশ্যে সনাক্তকরণের প্রমাণ হিসাবে ব্যবহার করা যাবে না। এটি বয়সের প্রমাণ বা ঠিকানা ডকুমেন্টের প্রমাণ হিসাবে গ্রহণ করা হবে না।

**ভোট দিতে নিবন্ধন করুন**

**ভোট দেওয়ার জন্য শীর্ষে একটি ফটো আইডি দেখানোর পরেও কী আমার ভোট দেওয়ার জন্য নিবন্ধন করতে হবে?**

হ্যাঁ, ভোটের জন্য নিবন্ধন করা আপনার গণতান্ত্রিক অধিকার চর্চার প্রথম ধাপ। নির্বাচনের দিনের আগে ভালোভাবে ভোট দেওয়ার জন্য আপনাকে নিবন্ধন করতে হবে, তাই আগে থেকে প্রস্তুতি নিশ্চিত করুন!

**আমি কীভাবে ভোট প্রদানের জন্য নিবন্ধন করব?**

ভোট প্রদানের জন্য নিবন্ধন করতে আপনি গিয়ে www.gov.uk/register-to-vote অনলাইন ফর্ম পূরণ করতে পারবেন। এর জন্য মাত্র কয়েক মিনিট লাগে। আপনার যা দরকার তা হলো আপনার ন্যাশনাল ইন্সুরেন্স (NI) নম্বর। আপনার ন্যাশনাল ইন্সুরেন্স নম্বরটি (NI) একটি সম্পূর্ণ আলাদা শনাক্তকারী হিসাবে নিবন্ধন প্রক্রিয়ায় ব্যবহৃত হয় এবং এটি হলো আপনি কে তা নিশ্চিত করার সবচেয়ে সহজ এবং দ্রুততম উপায়। কিন্তু আপনি যদি NI নম্বর না জানেন বা আপনার কাছে না থাকে তবে চিন্তা করবেন না - অনলাইন নিবন্ধন প্রক্রিয়া চলাকালীন আপনার সাথে যোগাযোগের বিশদ বিবরণ প্রদান করুন এবং আপনার স্থানীয় কাউন্সিল নির্বাচনী পরিষেবাগুলোর সাথে যোগাযোগ করা হবে।

**ভোটের জন্য নিবন্ধন করতে আমাকে কি আমার পরিচয়ের প্রমাণ প্রদান করতে হবে?**

নতুন ভোটার নিবন্ধন আবেদন যাচাইয়ের জন্য তথ্য কেন্দ্রীয় সরকারের রেকর্ডের সাথে মিলিয়ে দেখা হয়। রেকর্ডের সাথে মিল না পাওয়া গেলে আপনাকে ‘পরিচয়ের প্রমাণ’ প্রদানের জন্য অনুরোধ পাঠানো হবে। অনুরোধ পেলে আপনাকে যত দ্রুত সম্ভব প্রমাণ পাঠাতে হবে অন্যথায় আপনার আবেদন প্রত্যাখ্যান করা হতে পারে।

পরিচয়ের প্রমাণ আপনাকে অনলাইনে জমা দিতে হবে অথবা আপনার বরো নির্বাচনী পরিষেবাতে প্রিন্ট কপি জমা দিতে হবে। আপনি যা যা প্রদান করতে পারবেন:

- একটি “প্রাইমারি শনাক্তকরণ ডকুমেন্ট” অথবা
- একটি “নির্ভরযোগ্য সরকারী ডকুমেন্ট" এবং দুটি "আর্থিক/সামাজিক হিস্টোরির ডকুমেন্ট”, অথবা
- চারটি “আর্থিক/সামাজিক হিস্টোরির ডকুমেন্ট”

**প্রাইমারি শনাক্তকরণ ডকুমেন্ট**

| ডকুমেন্ট | নোট |
|---|---|
| পাসপোর্ট | যেকোনো বর্তমান পাসপোর্ট |
| বায়োমেট্রিক বসবাসের পারমিট | শুধুমাত্র UK-এর ইস্যু করা |
| EEA পরিচয়পত্র | অবশ্যই বৈধ হতে হবে |
| বর্তমান ড্রাইভিং লাইসেন্সের ফটো কার্ড অংশ | UK/আইল অফ ম্যান/চ্যানেল অ্যাইল্যান্ড (সম্পূর্ণ বা অস্থায়ী) |
| উত্তর আয়ারল্যান্ড ইলেক্টোরাল আইডি কার্ড | |

| নির্ভরযোগ্য সরকারি ডকুমেন্ট | |
|---|---|
| **ডকুমেন্ট** | **নোট** |
| বর্তমান ড্রাইভিং লাইসেন্সের পুরানো-স্টাইলের পেপার ভার্সন | শুধুমাত্র UK-এর |
| বর্তমান ফটো ড্রাইভিং লাইসেন্স | UK এবং ক্রাউন ডিপেন্ডেন্সি ছাড়া অন্য যেকোনো |
| জন্ম নিবন্ধন | শুধুমাত্র UK এবং ক্রাউন ডিপেন্ডেন্সি |
| বিয়ে বা সিভিল পার্টনারশিপ সার্টিফিকেট | শুধুমাত্র UK এবং ক্রাউন ডিপেন্ডেন্সি |
| দত্তক সনদ | শুধুমাত্র UK এবং ক্রাউন ডিপেন্ডেন্সি |
| আগ্নেয়াস্ত্রের লাইসেন্স | শুধুমাত্র UK এবং ক্রাউন ডিপেন্ডেন্সি |
| পুলিশের জামিন পত্র | শুধুমাত্র UK এবং ক্রাউন ডিপেন্ডেন্সি |

| আর্থিক এবং সামাজিক হিস্টোরি ডকুমেন্ট | | |
|---|---|---|
| **ডকুমেন্ট** | **নোট** | **ইস্যু করার তারিখ এবং মেয়াদ** |
| বন্ধকের স্টেটমেন্ট | UK, ক্রাউন ডিপেন্ডেন্সি বা EEA | বিগত 12 মাসের মধ্যে ইস্যু করা |
| ব্যাংক বা বিল্ডিং সোসাইটি স্টেটমেন্ট | UK, ক্রাউন ডিপেন্ডেন্সি বা EEA | বিগত 3 মাসের মধ্যে ইস্যু করা |

| | | |
|---|---|---|
| ব্যাংক বা বিল্ডিং সোসাইটি অ্যাকাউন্ট খোলার নিশ্চিতকরণের চিঠি | UK এবং ক্রাউন ডিপেন্ডেন্সি | বিগত 3 মাসের মধ্যে ইস্যু করা |
| ক্রেডিট কার্ডের স্টেটমেন্ট | UK, ক্রাউন ডিপেন্ডেন্সি বা EEA | বিগত 3 মাসের মধ্যে ইস্যু করা |
| অর্থনৈতিক স্টেটমেন্ট (উদাহরণস্বরূপ, পেনশন বা এনডাউমেন্ট) | UK, ক্রাউন ডিপেন্ডেন্সি বা EEA | বিগত 12 মাসের মধ্যে ইস্যু করা |
| কাউন্সিল ট্যাক্স স্টেটমেন্ট | UK এবং ক্রাউন ডিপেন্ডেন্সি | বিগত 12 মাসের মধ্যে ইস্যু করা |
| ইউটিলিটি বিল (মোবাইল ফোন বিল ব্যতীত) | UK এবং ক্রাউন ডিপেন্ডেন্সি | বিগত 3 মাসের মধ্যে ইস্যু করা |
| P45 বা P60 স্টেটমেন্ট | UK এবং ক্রাউন ডিপেন্ডেন্সি বা EEA | বিগত 12 মাসের মধ্যে ইস্যু করা |
| বেনিফিট স্টেটমেন্ট (উদাহরণস্বরূপ, চাইল্ড বেনিফিট, পেনশন) | UK, ক্রাউন ডিপেন্ডেন্সি বা EEA | বিগত 3 মাসের মধ্যে ইস্যু করা |
| কেন্দ্রীয় বা স্থানীয় সরকার, সরকারী সংস্থা, বা স্থানীয় সরকার বিভাগের প্রদান করা এনটাইটেলমেন্ট (উদাহরণস্বরূপ, DWP, জব সেন্টার প্লাস, HMRC থেকে) | UK, ক্রাউন ডিপেন্ডেন্সি বা EEA | বিগত 3 মাসের মধ্যে ইস্যু করা |

**আমার কাছে ন্যাশনাল ইন্সুরেন্স নম্বর নেই। আমি কি এখনও ভোট দেওয়ার জন্য নিবন্ধন করতে পারি?**

হ্যাঁ, আপনি এখনো অনলাইন ভোটার রেজিস্ট্রেশন পোর্টালের মাধ্যমে আবেদন করতে পারেন, তবে আপনাকে অবশ্যই আপনার যোগাযোগের বিবরণ প্রদান করতে হবে। এরপরই আপনার কাউন্সিল নির্বাচনী পরিষেবাগুলো প্রক্রিয়াটি সম্পূর্ণ করার জন্য বিকল্প উপায়ে আপনার পরিচয় যাচাই করার জন্য যোগাযোগ করবে। উদাহরণস্বরূপ, আপনার কাছে জন্ম সনদপত্র, ইউটিলিটি বিল বা ব্যাংক স্টেটমেন্ট ইত্যাদি চাওয়া হতে পারে। এর অর্থ হল আপনি এখনও ভোট দেওয়ার জন্য নিবন্ধন করতে পারেন, এমনকি আপনার হাতে আপনার ন্যাশনাল ইন্সুরেন্স নম্বর না থাকলেও।

**লন্ডনে কারা নিবন্ধন করে ভোট দিতে পারেন?**

আপনি লন্ডনের বাসিন্দা হলে (সাধারণত বসবাস করেন) এবং বয়স 16 বছর বা তার বেশি হলে (তবে আপনি 18 বছর না হওয়া পর্যন্ত ভোট দিতে পারবেন না) আপনি ভোট দেওয়ার জন্য নিবন্ধন করতে পারবেন।

বর্তমানে, ব্রিটিশ, আইরিশ, যোগ্যতাসম্পন্ন কমনওয়েলথ, যোগ্যতাসম্পন্ন EU নাগরিক এবং ভোট প্রদানের অধিকার বহাল থাকা লন্ডনে বসবাসকারী EU নাগরিকরা নিবন্ধন করতে এবং ভোট দিতে পারবেন।

[ব্রিটিশ ন্যাশনালিটি (এস্বাতিনী, গ্যাবন এবং টোগো) অর্ডার 2023]() অনুসারে যা ব্রিটিশ জাতীয়তা অ্যাক্ট সংশোধন করে এবং 15 ডিসেম্বর 2023 এ কার্যকর হয়েছে, টোগো এবং গ্যাবনের নাগরিকরা এখন কমনওয়েলথের যোগ্য নাগরিক হিসেবে ভোট দেওয়ার জন্য নিবন্ধন করতে পারবেন।

বিদেশে বসবাসকারী ব্রিটিশ নাগরিক যারা পূর্বে লন্ডনে বসবাস করেছেন বা ভোট দেওয়ার জন্য নিবন্ধিত হয়েছেন তারা লন্ডনে বসবাস করা সর্বশেষ ঠিকানা ব্যবহার করে UK-এর সংসদীয় নির্বাচনে নিবন্ধন করতে এবং ভোট দেওয়ার জন্য যোগ্য।

আপনি https://www.electoralcommission.org.uk/i-am-a/voter/which-elections-can-i-vote-এ আপনার যোগ্যতা যাচাই করতে পারবেন

**আমি কোন কোন নির্বাচনে ভোট দিতে পারি?**

আপনি যদি একজন ব্রিটিশ, আইরিশ বা যোগ্যতাসম্পন্ন কমনওয়েলথ নাগরিক হন এবং আপনার বয়স যদি 18 বছরের বেশি হয় এবং আপনি লন্ডনে বসবাস করেন, তাহলে আপনি UK সাধারণ/সংসদীয় নির্বাচন এবং গণভোট, লন্ডনের স্থানীয়/বরো কাউন্সিল নির্বাচন এবং লন্ডনের মেয়র /লন্ডন বিধানসভা নির্বাচন সহ সকল নির্বাচনে ভোট দিতে পারবেন।

আপনি যদি একজন যোগ্যতা সম্পন্ন ইউরোপীয় নাগরিক (EU) নাগরিক হন বা আপনার 18 বছরের বেশি বয়সী হন এবং অধিকার সহ লন্ডনে বসবাসকারী EU-এর নাগরিক হন, তাহলে আপনি শুধুমাত্র লন্ডন বরো কাউন্সিল নির্বাচন এবং মেয়র লন্ডন/লন্ডন বিধানসভা নির্বাচনের মতো স্থানীয় নির্বাচনে ভোট দিতে পারবেন।

একজন যোগ্যতাসম্পন্ন EU নাগরিক হলেন ডেনমার্ক, লুক্সেমবার্গ, পোল্যান্ড, পর্তুগাল বা স্পেনের একজন নাগরিক যার UK, চ্যানেল আইল্যান্ড বা আইল অফ ম্যান-এ প্রবেশ বা বাস করার অনুমতি রয়েছে বা যার অনুমতির প্রয়োজন নেই।

ভোটদানের অধিকার সহ একজন EU নাগরিক হলেন অন্য যেকোনো EU-এর দেশের একজন EU নাগরিক যিনি 31 ডিসেম্বর 2020 এর আগে UK, চ্যানেল আইল্যান্ড বা আইল অফ ম্যান-এ প্রবেশ বা বাস করার অনুমতি পেয়েছিলেন বা যার অনুমতির প্রয়োজন ছিলো না এবং এটি কোনো বিরতি ছাড়া চলমান।

UK, চ্যানেল আইল্যান্ড বা আইল অফ ম্যান-এ প্রবেশ বা বাস করার অনুমতি (যাকে লিভ টু এন্টার বা রিমেইন ও বলা হয়) বলতে একটি আইনি অভিবাসন অবস্থা বোঝায়।

আপ-টু-ডেট তথ্যের জন্য, চেক করুন https://www.electoralcommission.org.uk/.

**নিবন্ধন এবং ভোট প্রদানের ক্ষেত্রে আমার বয়স কি 18 বছর হতে হবে?**

না, এটি একটি প্রচলিত ভুল ধারণা। লন্ডনে এবং বাকি ইংল্যান্ডে, আপনাকে আসলে 16 বছর বয়স থেকে ভোট দেওয়ার জন্য নিবন্ধন করতে পারেন, কিন্তু আপনি 18 বছর না হওয়া পর্যন্ত নির্বাচনে ভোট দিতে পারবেন না।

**আমার কোনো নির্দিষ্ট ঠিকানা নেই। আমি কি ভোট দিতে নিবন্ধন করতে পারব?**

হ্যাঁ, আপনি পারবেন! অনেক জনের একটি নির্দিষ্ট বা স্থায়ী ঠিকানা নেই এবং কেউ কেউ গৃহহীন হয়েও থাকতে পারেন। আপনি এখনো এমন জায়গায় ভোট দেওয়ার জন্য নিবন্ধন করতে পারেন যেখানে আপনার সর্বাধিক স্থানীয় মানুষদের সাথে যোগাযোগ রয়েছে বা আপনার বেশিরভাগ সময় ব্যয় করেন এমন একটি স্থানীয় যোগাযোগের ঘোষণা প্রদানের মাধ্যমে। এই ক্ষেত্রে নিবন্ধন করার জন্য একটি নির্দিষ্ট ফর্ম আছে - আপনি এটি খুঁজে পাবেন এখানে

https://www.gov.uk/government/publications/register-to-vote-if-you-havent-got-a-fixed-or-permanent-address

**আমি ভোট দেওয়ার জন্য একবার নিবন্ধন করলেই কি আমি সারাজীবনের জন্য নিবন্ধিত?**

না, আপনি যদি কখনও আপনার ঠিকানা, আপনার আইনী নাম বা আপনার জাতীয়তা পরিবর্তন করেন তাহলে আপনাকে ভোট দেওয়ার জন্য পুনরায় নিবন্ধন করতে হবে। দ্বৈত নাগরিকদের তাদের ব্রিটিশ নাগরিকত্ব পেলে পুনরায় নিবন্ধন করতে হবে কারণ  এটি সম্পূর্ণ ভোটের অধিকার বহন করে।

**ভোট দিতে নিবন্ধন করার জন্য কি কোনো সময়সীমা আছে?**

আপনি যেকোনো সময় ভোট দিতে নিবন্ধন করতে পারেন! যাইহোক, নিবন্ধন করার জন্য আপনার আবেদন দ্রুততার সাথে প্রস্তুত করা হয় না, তাই আসন্ন নির্বাচনের আগে যত তাড়াতাড়ি সম্ভব এটি করা ভালো। কোনো নির্দিষ্ট নির্বাচনে ভোটার নিবন্ধনের সময়সীমার জন্য সঠিক তারিখ আগে থেকেই বিজ্ঞাপন আকারে জানিয়ে দেওয়া হবে, তবে সাধারণত সময়সীমাটি নির্বাচনের দিনের প্রায় দুই সপ্তাহ আগে।

**আমি ভোট দিতে নিবন্ধন করলে, আমাকে কি ভোট দিতে হবে?**

যুক্তরাজ্যে ভোট দেওয়া বাধ্যতামূলক নয়। সুতরাং, আপনি যদি ভোট দেওয়ার জন্য নিবন্ধিত হন তাহলে আপনার কাছে ভোট দেওয়ার বা না দেওয়ার বিকল্প রয়েছে। তবে আপনি যদি প্রথমে ভোট দেওয়ার জন্য নিবন্ধিত না হন, তাহলে আপনি ভোট দিতে পারবেন না।

## ভোট দেওয়ার জন্য নিবন্ধন করার এবং ভোট দেওয়ার জন্য একটি স্বীকৃত ফটো আইডি পাওয়ার সুবিধা

**ভোট দেওয়ার জন্য নিবন্ধন করা এবং ভোট দেওয়ার জন্য একটি ফটো আইডি পাওয়ার সুবিধা কী?**

ভোট দেওয়ার জন্য নিবন্ধন করা আপনাকে আপনার মৌলিক গণতান্ত্রিক অধিকারগুলো প্রয়োগ করতে সক্ষম করে, যা পাওয়াটা কঠিন এবং সমস্ত লন্ডনবাসীর জন্য উপলভ্য ছিল না।

ভোট দেওয়ার জন্য নিবন্ধিত হওয়া আপনার ক্রেডিট স্কোরকেও উন্নত করে কারণ সম্ভাব্য ঋণদাতারা আপনার নাম এবং ঠিকানা যাচাই করার জন্য নির্বাচনী রেজিষ্টার উল্লেখ করতে সক্ষম হবেন। ইলেক্টোরাল রেজিস্টার জুরি সার্ভিসের জন্য অংশগ্রহণকারীদের নির্বাচিত করার জন্যও ব্যবহার করা হয় - বিভিন্ন বিচারকদের ন্যায্য রায় দেওয়ার সম্ভাবনা বেশি।

আপনি ভোট দিতে চান কিনা সে বিষয়ে সিদ্ধান্ত নিন। তবে, আপনি ভোট দেওয়ার জন্য নিবন্ধিত থাকে এবং ভোট দেওয়ার জন্য আপনার একটি গ্রহণযোগ্য ফটো আইডি থাকা নিশ্চিত করে যে আপনি আপনার, আপনার পরিবার এবং কমিউনিটি, লন্ডন এবং দেশের ভবিষ্যতের জন্য গুরুত্বপূর্ণ বিষয়গুলো সম্পর্কে আপনার মতামত জানাতে পারছেন।

## আমার ডেটা

**আমি যদি ভোট দিতে নিবন্ধন করি বা বিনামূল্যে ভোটার কর্তৃপক্ষের সার্টিফিকেটের জন্য আবেদন করি তাহলে কে আমার ডেটাতে অ্যাক্সেস পাবে?**

আপনি যদি মনে করেন যে নির্বাচনী রেজিস্টারে আপনার নাম এবং ঠিকানা থাকলে আপনার নিরাপত্তা বা আপনার পরিবারের কারো নিরাপত্তার উপর প্রভাব পড়তে পারে তাহলে আপনি বেনামে ভোট দেওয়ার জন্য নিবন্ধন করতে পারবেন। এই প্রক্রিয়ার জন্য প্রয়োজনীয় ধাপগুলো

https://www.electoralcommission.org.uk/voting-and-elections/who-can-vote/register-vote/register-vote-anonymously-এ পাওয়া যাবে।

আপনি যদি বেনামে ভোট দেওয়ার জন্য নিবন্ধিত হন এবং সশরীরে ভোট দিতে চান, আপনাকে একটি বেনামী ইলেক্টরের **ডকুমেন্টের জন্য আবেদন করতে হবে।** আপনি আরো তথ্য পেতে পারেন এখানে https://www.electoralcommission.org.uk/i-am-a/voter/register-vote/register-vote-anonymously#anonym ous-electors-document

আপনি যদি আপনার ব্যক্তিগত তথ্যের নিরাপত্তার বিষয়ে উদ্বিগ্ন হয়ে থাকেন, যেমন 'ওপেন রেজিস্টারে' থাকা বিষয়টি নিয়ে যা তৃতীয় পক্ষের দ্বারা কেনা যায় তাহলে আপনি অনলাইন নিবন্ধন প্রক্রিয়া চলাকালীন সব সময় ওপেন রেজিস্টার থেকে 'অপ-আউট' করতে পারবেন। আপনি 'সম্পূর্ণ রেজিস্টারে' থাকবেন যা বরো নির্বাচনী পরিষেবা দ্বারা ব্যবহৃত হয় (উদাহরণস্বরূপ নির্বাচনের আগে পোল কার্ড পাঠানোর জন্য) এবং ঋণের আবেদন/ক্রেডিট স্কোর চেক করার জন্য। এটি বেনামী নিবন্ধিত হওয়ার থেকে আলাদা, যেখানে আপনার বিবরণ 'ওপেন রেজিস্টার' বা 'সম্পূর্ণ রেজিস্টারে' প্রদর্শিত হবে না।

## ভোট দেওয়ার উপায়সমূহ

### ভোট দেওয়ার কি বিভিন্ন উপায় আছে?

একবার ভোট দেওয়ার জন্য নিবন্ধিত হয়ে গেলে, আপনি নির্বাচনের দিনে একটি ভোটকেন্দ্রে সশরীরে ভোট দিতে পারেন; ডাকযোগে ভোট প্রদান (যদি আপনি নির্বাচনের দিন কাছাকাছি না থাকেন, যেমন আপনি ছুটিতে থাকলে); অথবা প্রতিনিধি দ্বারা ভোট (যার অর্থ হলো আপনার বিশ্বাসযোগ্য অন্য কাউকে আপনার জন্য ভোট দিতে বলা, যেমন আপনি অসুস্থ হলে)।

প্রক্সির মাধ্যমে ভোট দেওয়ার জন্য আপনি অনলাইনে https://www.gov.uk/apply-proxy-vote-এ আবেদন করতে পারবেন।

ডাকযোগে ভোট দেওয়ার জন্য আপনি অনলাইনে https://www.gov.uk/apply-postal-vote-এ আবেদন করতে পারবেন।

আপনি অনলাইনে আবেদন করতে না পারলে আপনি https://www.gov.uk/government/collections/proxy-voting-application-forms থেকে একটি প্রক্সি ভোটের আবেদন ফর্ম বা https://www.gov.uk/government/publications/apply-for-a-postal-vote থেকে একটি ডাকযোগে ভোটের আবেদন ফর্ম ডাউনলোড করে সেটা পূরণ করে আপনার স্থানীয় নির্বাচনী নিবন্ধন অফিসে পাঠাতে পারবেন বা আপনার কাছে একটি ফর্ম ডাকযোগে পাঠানোর অনুরোধ করতে পারবেন।

আপনি আপনার বরো নির্বাচনী পরিষেবার বিশদ বিবরণ পেতে পারেন এখানে https://www.gov.uk/contact-electoral-registration-office.

### ভোট দেওয়ার সকল উপায়ের জন্য আমার কি একটি ফটো আইডি দরকার?

না, ডাকযোগে বা প্রতিনিধির মাধ্যমে ভোট দেওয়ার জন্য আপনাকে ফটো আইডি দেখাতে হবে না।

পোলিং স্টেশনে আপনার পক্ষে ভোট দেওয়ার জন্য আপনার প্রক্সিকে তাদের নিজস্ব ফটো আইডি দেখাতে হবে। পোলিং স্টেশনে সশরীরে ভোট দেওয়ার জন্য আপনার একটি গ্রহণযোগ্য ফটো আইডি থাকতে হবে।

প্রক্সি বা ডাকযোগে ভোট দেওয়ার জন্য আপনি অনলাইনে https://www.gov.uk/apply-proxy-vote বা https://www.gov.uk/apply-postal-vote-এ আবেদন করতে পারবেন।

আপনি অনলাইনে আবেদন করতে না পারলে আপনি https://www.gov.uk/government/collections/proxy-voting-application-forms থেকে একটি প্রক্সি ভোটের আবেদন ফর্ম বা https://www.gov.uk/government/publications/apply-for-a-postal-vote থেকে একটি ডাকযোগে ভোটের আবেদন ফর্ম ডাউনলোড করে সেটা পূরণ করে আপনার স্থানীয় নির্বাচনী নিবন্ধন অফিসে পাঠাতে পারবেন বা আপনার কাছে একটি ফর্ম ডাকযোগে পাঠানোর অনুরোধ করতে পারবেন।

আপনি আপনার বরো নির্বাচনী পরিষেবার বিশদ বিবরণ পেতে পারেন এখানে https://www.gov.uk/contact-electoral-registration-office।

**প্রতিনিধির মাধ্যমে ভোট প্রদানের ক্ষেত্রে পরিবর্তনগুলি কী কী যা আমাকে জানতে হবে?**

প্রক্সি ভোটের নিয়মাবলীতে পরিবর্তন 31 অক্টোবর 2023 তারিখ থেকে কার্যকর হয়েছে।

একজন ব্যক্তি পারিবারিক সদস্য সহ কতজনের প্রক্সি হিসাবে কাজ করতে পারবেন সে বিষয়ে একটি সীমা আরোপ করা হয়েছে। আপনি সর্বোচ্চ দুই জন্য UK-ভিত্তিক ভোটার বা সর্বোচ্চ চার জন্য UK-ভিত্তিক ভোটার নয় এমন ব্যক্তিদের (যেমন, বিদেশে থাকা ব্রিটিশ ভোটার) জন্য প্রক্সি ভোট দিতে পারবেন।

আপনি কিছু ধরণের প্রক্সির মাধ্যমে ভোট দেওয়ার অনলাইনে https://www.gov.uk/apply-proxy-vote-এ আবেদন করতে পারবেন। আপনার আবেদন প্রত্যয়িত করার প্রয়োজন হলে (বেনামীভাবে ভোট দেওয়ার জন্য নিবন্ধিত ব্যক্তিদের জন্য প্রয়োজনীয়) বা আপনি একটি জরুরী প্রক্সি ভোটের জন্য আবেদন করলে আপনি অনলাইনে আবেদন করতে পারবেন না।

আপনি অনলাইনে আবেদন করতে না পারলে আপনি https://www.gov.uk/government/collections/proxy-voting-application-forms থেকে একটি প্রক্সি ভোটের আবেদন ফর্ম ডাউনলোড করে সেটা পূরণ করে আপনার স্থানীয় নির্বাচনী নিবন্ধন অফিসে পাঠাতে পারবেন বা আপনার কাছে একটি ফর্ম ডাকযোগে পাঠানোর অনুরোধ করতে পারবেন।

https://www.gov.uk/contact-electoral-registration-office-এ আপনি আপনার বরো এর নির্বাচনী পরিষেবার বিষয়ে বিস্তারিত তথ্য পাবেন।

অনলাইন এবং পেপার আবেদন উভয়ের জন্য আইডি ভেরিফিকেশন আবশ্যক (জরুরী প্রক্সি ভোট ব্যতীত)। প্রক্সির মাধ্যমে ভোট দেওয়ার জন্য আপনাকে কোনো ফটো আইডি প্রদান করতে হবে না (আপনার প্রক্সিকে আপনার পক্ষে ভোট দেওয়ার জন্য একটি গ্রহণযোগ্য ফটো আইডি দেখাতে হবে)। আপনার স্বাক্ষর এবং জন্ম তারিখ সহ অন্যান্য কিছু শনাক্তকরণ পরীক্ষা রয়েছে।

প্রক্সি ভোটিং সম্পর্কে সাম্প্রতিকতম তথ্যের জন্য https://www.electoralcommission.org.uk/i-am-a/voter/apply-vote-proxy-এ যান।

যদি আপনার কাছে প্রক্সির মাধ্যমে ভোট দেওয়ার একটি বিদ্যমান ব্যবস্থা থাকে তবে ট্রানজিশনাল প্রসেসের ব্যবস্থা করা হবে। https://www.gov.uk/contact-electoral-registration-office থেকে আপনি আপনার স্থানীয় নির্বাচনী নিবন্ধনের অফিসে যোগাযোগ করে আপনার বিদ্যমান প্রক্সি ভোটের বিষয়ে তথ্য আপডেট করতে পারবেন।

**ডাকযোগে ভোট প্রদানের ক্ষেত্রে পরিবর্তনগুলি কী কী যা আমাকে জানতে হবে?**

ডাকযোগে ভোটের নিয়মাবলীতে পরিবর্তন 31 অক্টোবর 2023 তারিখ থেকে কার্যকর হয়েছে।

একটি সফল ডাকযোগে ভোটের আবেদনের মাধ্যমে আপনার ভোট দেওয়ার অধিকারের মেয়াদ সর্বোচ্চ তিন বছর। তিন বছর পর, ডাকযোগে ভোট দেওয়া চালিয়ে যাওয়ার জন্য আপনাকে আবার আবেদন করতে হবে।

আপনি অনলাইনে ডাকযোগে ভোটের জন্য আবেদন করতে পারবেন অথবা আপনি অনলাইনে আবেদন করতে না পারলে আপনি https://www.gov.uk/government/publications/apply-for-a-postal-vote থেকে একটি ডাকযোগে ভোটের আবেদন ফর্ম ডাউনলোড করে সেটা পূরণ করে আপনার স্থানীয় নির্বাচনী নিবন্ধন অফিসে পাঠাতে পারবেন বা আপনার কাছে একটি ফর্ম ডাকযোগে পাঠানোর অনুরোধ করতে পারবেন।

https://www.gov.uk/contact-electoral-registration-office-এ আপনি আপনার বরো এর নির্বাচনী পরিষেবার বিষয়ে বিস্তারিত তথ্য পাবেন।

ডাকযোগে ভোট দেওয়ার জন্য আপনাকে ফটো আইডি প্রদান করতে হবে না। আপনার স্বাক্ষর এবং জন্ম তারিখ সহ অন্যান্য কিছু শনাক্তকরণ পরীক্ষা রয়েছে। ডাকযোগে ভোটিং সম্পর্কে সাম্প্রতিকতম তথ্যের জন্য https://www.electoralcommission.org.uk/i-am-a/voter/apply-vote-post-এ যান।

যদি আপনার কাছে ডাকযোগের মাধ্যমে ভোট দেওয়ার একটি বিদ্যমান ব্যবস্থা থাকে তবে ট্রানজিশনাল প্রসেসের ব্যবস্থা করা হবে। https://www.gov.uk/contact-electoral-registration-office থেকে আপনি আপনার স্থানীয় নির্বাচনী নিবন্ধনের অফিসে যোগাযোগ করে আপনার বিদ্যমান ডাকযোগে ভোটের বিষয়ে তথ্য আপডেট করতে পারবেন।

আপনি যদি নির্ধারিত সময়ের মধ্যে ডাকযোগে আপনার ভোট না পাঠাতে পারেন তাহলে আপনি আপনার ভোট আপনার পোলিং স্টেশনে বা পোলিং এর দিনে আপনার স্থানীয় কাউন্সিলে জমা দিতে পারবেন। পোলিং স্টেশনে ভোটাররা শুধুমাত্র তাদের ভোট এবং সর্বোচ্চ পাঁচ জন্য ব্যক্তির ডাকযোগের ভোট জমা দিতে পারবেন। ক্যাম্পেইনকারীরা শুধুমাত্র তাদের ভোট এবং তাদের ঘনিষ্ঠ আত্মীয় বা তাদের দ্বারা নিয়মিত পরিচর্যা পাওয়া সর্বোচ্চ পাঁচ জন্য ব্যক্তির ডাকযোগের ভোট জমা দিতে পারবেন। স্থানীয় কর্তৃপক্ষের অফিসে বা পোলিং স্টেশনে ডাকযোগের ভোট জমা দেওয়া প্রত্যেক ব্যক্তিকে একটি ভোট রিটার্ন ফর্ম পূরণ করতে হবে।

**লন্ডনের মেয়র এবং লন্ডনের বিধানসভার নির্বাচনে কোন ধরণের ভোটিং সিস্টেম ব্যবহার করা হয়?**

ইলেকশন অ্যাক্ট (2022) লন্ডনের মেয়র নির্বাচনের বিষয়ে কিছু পরিবর্তন এনেছে। লন্ডনের বিধানসভার নির্বাচনে ভোট দেওয়ার সিস্টেমে কোনো পরিবর্তন আনা হয়নি।

**লন্ডনের মেয়র নির্বাচন**

লন্ডনের মেয়র বর্তমানে ফার্স্ট-পাস্ট-দা-পোস্ট সিস্টেমে নির্বাচন করা হয়। আপনি আপনার পছন্দের প্রার্থীর নামের পাশে থাকা বক্সে একটি ক্রস চিহ্ন [X] প্রদান করে একজন ব্যক্তির জন্য ভোট দিতে পারবেন। সর্বোচ্চ ভোট পাওয়া প্রার্থী লন্ডনের মেয়র হিসাবে নির্বাচিত হবেন। এই সিস্টেমটি UK এর সংসদীয় / সাধারণ নির্বাচনেও ব্যবহার করা হয়।

লন্ডনের বিধানসভা 25 জন বিধানসভার সদস্য (AM) নিয়ে গঠিত - 11 জন সমগ্র রাজধানীর প্রতিনিধিত্ব করে এবং 14 জন নির্বাচনী এলাকা থেকে নির্বাচিত হয়।

**লন্ডন বিধানসভার নির্বাচনী এলাকার সদস্য**

লন্ডন বিধানসভার নির্বাচনী এলাকার সদস্যদের ফার্স্ট-পাস্ট-দা-পোস্ট সিস্টেমে নির্বাচন করা হয়। আপনি আপনার পছন্দের প্রার্থীর নামের পাশে থাকা বক্সে একটি ক্রস চিহ্ন [X] প্রদান করে একজন ব্যক্তির জন্য ভোট দিতে পারবেন। আপনার নির্বাচনী এলাকা থেকে সর্বোচ্চ ভোট পাওয়া ব্যক্তি লন্ডন বিধানসভার সদস্য হন। একটি নির্বাচনী এলাকা সাধারণত দুইটি বা তিনটি বরো নিয়ে গঠিত হয়।

**বিধানসভার সমগ্র লন্ডনের সদস্য**

বিধানসভার সমগ্র লন্ডনের সদস্যদের অতিরিক্ত সদস্য সিস্টেম ব্যবহার করে নির্বাচন করা হয়, যেখানে প্রতিটি দলের জন্য প্রদত্ত ভোটের সংখ্যা সেই দলের জয়ী AM আসনের সংখ্যার সমানুপাতিকভাবে সমান।

আপনি https://www.londonelects.org.uk/changes-how-we-vote ভিজিট করে লন্ডন ইলেক্টস-এ লন্ডনের মেয়র এবং লন্ডনের বিধানসভা নির্বাচন সম্পর্কে আরো বিস্তারিত তথ্য জানতে পারবেন।

**আমি দেশের বাইরে বসবাস করলে কি আমি ভোটের জন্য নিবন্ধন করতে পারবো?**

বিদেশে বসবাসকারী ব্রিটিশ নাগরিক যারা পূর্বে লন্ডনে বসবাস করেছেন বা ভোট দেওয়ার জন্য নিবন্ধিত হয়েছেন তারা লন্ডনে বসবাস করা সর্বশেষ ঠিকানা ব্যবহার করে UK-এর সংসদীয় নির্বাচনে নিবন্ধন করতে এবং ভোট দেওয়ার জন্য যোগ্য।

আপনি https://www.gov.uk/register-to-vote থেকে ভোটের জন্য নিবন্ধন করতে পারবেন।

নির্বাচনী পরিষেবা আবেদনকারীদের পরিচয় ভেরিফাই করবে এবং প্রদত্ত লন্ডনের ঠিকানার পূর্বের বসবাসের তথ্য বা নিবন্ধন পরীক্ষা করবে।

আপনি যদি একজন বিদেশে বসবাসকারী ভোটার হিসাবে নিবন্ধন করেন তাহলে আপনি সশরীরে ভোট দিতে পারবেন যদি আপনি নির্বাচনের দিনে লন্ডনের থাকেন বা আপনি ডাকযোগে বা প্রক্সির মাধ্যমে ভোট দেওয়ার জন্য নিবন্ধন করতে পারবেন।

বিদেশে অবস্থানরত ভোটারের নিবন্ধন 3 বছরের মধ্যে নবায়ন করতে হবে।

https://www.electoralcommission.org.uk/voting-and-elections/who-can-vote/other-registration-options/voting-if-you-live-overseas থেকে আপনি এ বিষয়ে আরো তথ্য পাবেন।

## সশরীরে ভোট প্রদান করা

**আমি আমার ভোট কেন্দ্র কোথায় খুঁজে পাব?**

আপনি যদি সশরীরে ভোট দেওয়ার জন্য নিবন্ধিত হন, তাহলে নির্বাচনের দিনের আগে আপনার নিবন্ধিত ঠিকানায় একটি পোলিং কার্ড পাঠানো হবে। এই কার্ডে আপনার নির্ধারিত ভোট কেন্দ্রের ঠিকানা অন্তর্ভুক্ত থাকবে - আপনি শুধুমাত্র সেই ভোট কেন্দ্রে ভোট দিতে পারবেন এবং এটি সম্ভবত একটি স্থানীয় পাবলিক বিল্ডিং হবে যেমন একটি স্কুল, প্রার্থণালয় বা কমিউনিটি সেন্টার। নির্বাচনের দিন সকাল 7টা থেকে রাত 10টা পর্যন্ত খোলা থাকবে। আপনি যদি আপনার পোলিং কার্ড হারিয়ে ফেলেন তাহলে চিন্তা করবেন না - ভোট দেওয়ার জন্য আপনার এটির প্রয়োজন নেই (**যদি না আপনি বেনামে ভোট দেওয়ার জন্য নিবন্ধিত না হন**) এবং আপনি এখানে আপনার পোস্টকোড প্রবেশ করে আপনার ভোট কেন্দ্র খুঁজে পেতে পারেন
https://www.electoralcommission.org.uk/i-am-a/voter/your-election-information

**ভোট কেন্দ্রে কী হবে?**

সবগুলো ভোটকেন্দ্র **নির্বাচনের দিন সকাল 7টা থেকে রাত 10টা পর্যন্ত খোলা থাকে।** কেউ কেউ শুভেচ্ছা জানাতে পারেন যারা ভোটারদের ভোট কেন্দ্রে প্রবেশের আগে স্বাগত জানাবেন এবং সশরীরে ভোট দিতে সক্ষম হওয়ার জন্য তারা একটি স্বীকৃত ফটো আইডি নিয়ে এসেছেন কিনা তা জিজ্ঞাসা করবেন।

ভোট কেন্দ্রে গেলে, আপনার নিম্নলিখিতগুলির সম্ভাবনা থাকতে পারে:

- একজন কর্মী সদস্য আপনাকে আপনার নাম এবং ঠিকানা জিজ্ঞাসা করবেন এবং আপনি নির্বাচনী রেজিস্টারে আছেন কিনা তা চেক করবেন।
- তারা আপনার ফটো আইডি দেখতে বলবেন, চেক করবেন এটি স্বীকৃত কিনা (এখানে আরও তথ্য [https://www.electoralcommission.org.uk/voting-and-elections/voter-id/accepted-forms-photo-id](https://www.electoralcommission.org.uk/voting-and-elections/voter-id/accepted-forms-photo-id)), এবং এটি আপনার মত দেখাচ্ছে কিনা। আপনি যদি বেনামে ভোট দেওয়ার জন্য নিবন্ধিত হন (এখানে আরও তথ্য [https://www.electoralcommission.org.uk/voting-and-elections/who-can-vote/register-vote/register-vote-anonymously](https://www.electoralcommission.org.uk/voting-and-elections/who-can-vote/register-vote/register-vote-anonymously)) , আপনাকে আপনার পোল কার্ড এবং বেনামী ইলেক্টরের ডকুমেন্ট (AED) দেখাতে বলা হবে। আপনি যদি ব্যক্তিগতভাবে আপনার ফটো আইডি দেখাতে চান তাহলে একটি ব্যক্তিগত স্থান উপলভ্য থাকবে। ভোট কেন্দ্রের উপর নির্ভর করে এটি একটি পৃথক কক্ষ বা গোপনীয়তার পর্দা দিয়ে পৃথক করা একটি এলাকা হতে পারে।
- একবার আপনার ফটো আইডি সফলভাবে চেক করা হয়ে গেলে স্টাফ সদস্য রেজিস্টার থেকে আপনার নামটি ক্রস করবেন এবং আপনি যে প্রার্থীদের ভোট দিতে পারবেন তার তালিকার একটি ব্যালট পেপার আপনাকে দেবেন। একই দিনে আপনার স্থানীয় এলাকায় একাধিক নির্বাচন হলে আপনাকে একটির বেশি ব্যালট পেপার দেওয়া হতে পারে।
- আপনার ব্যালট পেপার (বা পেপারগুলি) একটি পোলিং বুথে নিয়ে যান, যাতে আপনি গোপনে ভোট দিতে পারেন। ব্যালট পেপারের নির্দেশাবলী সাবধানে পড়ুন। কিছু নির্বাচন বিভিন্ন ভোট প্রদানের পদ্ধতি ব্যবহার করে, তাই আপনাকে নিশ্চিত করতে হবে যে আপনি প্রতিটি ব্যালট পেপার সঠিকভাবে পূরণ করেছেন।
- ভোটকেন্দ্রে প্রদত্ত পেন্সিল ব্যবহার করে আপনার ব্যালট পেপারটি সম্পূর্ণ করুন। আপনি চাইলে নিজের কলমও ব্যবহার করতে পারেন। কাগজে অন্য কিছু লিখবেন না, নতুবা আপনার ভোট গণনা করা হবে না। আপনি যদি ভুল করেন, তাহলে আপনার ব্যালট পেপার ব্যালট বাক্সে রাখবেন না। ভোটকেন্দ্রের কর্মীদের ব্যালট পেপার বদলে দিতে বলুন এবং সেটি আবার পূরণ করুন।
- আপনার সম্পন্ন হয়ে গেলে, আপনার সম্পূর্ণ ব্যালট পেপার ভাঁজ করুন এবং ব্যালট বাক্সে রাখুন।

**আমি ধর্মীয় কারণে মুখ ঢেকে রাখলে আমার ফটো আইডি কীভাবে চেক করা হবে?**

ভোটকেন্দ্রের কর্মীদের আপনার ফটো আইডির মতো দেখতে আপনাকে দেখার অনুমতি দেওয়ার জন্য, আপনাকে সংক্ষেপে আপনার মুখের কভারিং সরাতে বলা হবে যাতে তারা আপনার মুখ দেখতে পারে। ভোটের বাকি প্রক্রিয়ার জন্য মুখের কভারিং পরা যেতে পারে।

আপনি চাইলে আপনার ফটো আইডি চেক করার জন্য একজন মহিলা স্টাফ সদস্যের জন্য অনুরোধ করতে পারেন, এবং সম্ভব হলে ভোটকেন্দ্রের কর্মীরা এটির ব্যবস্থা করবেন।

আপনি আপনার ফটো আইডি ব্যক্তিগতভাবে চেক করার জন্য অনুরোধ করতে পারবেন। এই উদ্দেশ্যে ভোটকেন্দ্রে একটি ব্যক্তিগত জায়গা পাওয়া যাবে। এই ধরনের অনুরোধগুলি সতর্কভাবে এবং সৌজন্যের সাথে পরিচালনা করা উচিত। আপনাকে এই অনুরোধের কারণ জানাতে হবে না, এবং আপনাকে কেন এর ব্যাখ্যা করতে বলা হবে না।

একটি আয়না পাওয়া যাবে যাতে আপনি ব্যক্তিগত এলাকা ছাড়ার আগে আপনার মুখের কভারিং সঠিকভাবে আছে কিনা তা নিশ্চিত করতে পারেন।

আপনি যদি আপনার মুখের কভারিং অপসারণ করতে অস্বীকার করেন এবং কর্মীরা আপনার ফটো আইডি চেক করতে অক্ষম হন, তাহলে এর অর্থ হতে পারে যে আপনাকে আপনার ব্যালট পেপার দেওয়া হবে না, তাই ভোট দিতে পারবেন না।

**আমি চিকিৎসাগত কারণে মুখ ঢেকে রাখলে আমার ফটো আইডি কীভাবে চেক করা হবে?**

ভোটকেন্দ্রের কর্মীদের আপনার ফটো আইডির মতো দেখতে আপনাকে দেখার অনুমতি দেওয়ার জন্য, আপনাকে সংক্ষেপে আপনার ফেস মাস্ক সরাতে বলা হবে যাতে তারা আপনার মুখ দেখতে পারেন। এই শর্তটি প্রযোজ্য হবে যদি আপনি একজন দূর্বল রোগ প্রতিরোধের ভোটার হন বা অন্যান্য স্বাস্থ্যগত কারণে একটি মাস্ক পরেন।

আপনি আপনার ফটো আইডি ব্যক্তিগতভাবে চেক করার জন্য অনুরোধ করতে পারবেন। এই উদ্দেশ্যে ভোটকেন্দ্রে একটি ব্যক্তিগত জায়গা পাওয়া যাবে। এই ধরনের অনুরোধগুলি সতর্কভাবে এবং সৌজন্যের সাথে পরিচালনা করা উচিত। আপনাকে এই অনুরোধের কারণ জানাতে হবে না, এবং আপনাকে কেন এর ব্যাখ্যা করতে বলা হবে না।

আপনি যদি আপনার ফেস মাস্ক অপসারণ করতে অস্বীকার করেন এবং কর্মীরা আপনার ফটো আইডি চেক করতে অক্ষম হন, তাহলে এর অর্থ হতে পারে যে আপনাকে আপনার ব্যালট পেপার দেওয়া হবে না, তাই ভোট দিতে পারবেন না।

**ভোটকেন্দ্রের কর্মীরা কীভাবে সিদ্ধান্ত নেবেন যে আমার আইডিতে থাকা ফটোটি যথেষ্ট আমার মতো দেখতে?**

ভোটকেন্দ্রের কর্মীরা আপনার ফটো আইডিতে থাকা ফটো এবং নামটি নির্বাচনী রেজিস্টারে আপনার নামের সাথে মেলে কিনা সেটি দেখবেন। আপনি যদি আপনার ফটোটি স্বীকৃত হবে কিনা সেই বিষয়ে নিশ্চিত না হন, তাহলে আপনি নিজের একটি সাম্প্রতিক ফটো সহ বিনামূল্যে ভোটার কর্তৃপক্ষের সার্টিফিকেটের জন্য আবেদন করতে পারেন। আরও তথ্য এখানে https://www.electoralcommission.org.uk/i-am-a/voter/voter-id/applying-a-voter-authority-certificate

যদি আপনার উদ্বেগ আপনার লিঙ্গ উপস্থাপনার সাথে সম্পর্কিত হয়, তাহলে ভোটার কর্তৃপক্ষের সার্টিফিকেটে কোনো জেন্ডার মার্কার অন্তর্ভুক্ত করা হবে না।

**আমি একজন অন্ধ/আংশিক দৃষ্টিসম্পন্ন ভোটার, ভোট কেন্দ্রে আমার জন্য কী সহায়তা পাওয়া যাবে?**

নির্বাচনী আইন (2022) অনুসারে, রিটার্নিং অফিসারদের– যারা নির্বাচনের তদারকি করেন – এখন প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য একটি স্বাধীন ও গোপন ভোট প্রদানের ব্যবস্থা করতে হবে। রিটার্নিং অফিসারদের অবশ্যই নির্বাচন কমিশনের অ্যাক্সেসিবিলিটি নির্দেশিকা অনুসরণ করতে হবে।

অন্ধ এবং আংশিক দৃষ্টিসম্পন্ন ভোটারদের সহায়তা করার জন্য, সকল ভোট কেন্দ্রে যা থাকা প্রয়োজন:

- একটি স্পর্শ দ্বারা বোধগম্য ভোটিং ডিভাইস
- রেফারেন্সের জন্য ব্যালট পেপারের একটি বড় প্রিন্ট কপি
- ম্যাগনিফায়ার (বিবর্ধক)
- অতিরিক্ত আলো
- ভোট কেন্দ্রের কর্মীদের ভোটিং বুথে নিয়ে যেতে এবং প্রয়োজনে আপনার ভোট চিহ্নিত করতে সহায়তা

রিটার্নিং অফিসারদের তাদের এলাকায় কী প্রয়োজন তা অনুমান করতে হবে এবং কাউকে স্বাধীনভাবে এবং গোপনে ভোট দিতে সক্ষম করার জন্য অডিও ডিভাইসের মতো অতিরিক্ত সরঞ্জাম সরবরাহ করতে পারে। রিটার্নিং অফিসারদের জন্য নির্বাচন কমিশনের নির্দেশিকা সম্পর্কে আরও পড়ুন এখানে https://www.electoralcommission.org.uk/guidance-returning-officers-assistance-voting-disabled-voters/ ensuring-voting-accessible/providing-equipment-polling-station-enables-or-makes-voting-easier-disabl ed-voters.

**আপনি কীভাবে ভোটকেন্দ্রে যৌক্তিক ব্যবস্থার জন্য অনুরোধ করতে পারেন?**

আপনি সেদিন ভোট কেন্দ্রের কর্মীদের অনুরোধ করতে পারেন এবং তারা যথাসাধ্য সাহায্য করবেন। আপনার জন্য যতটা

সম্ভব সুন্দর বিষয়গুলি নিশ্চিত করার জন্য, আপনি আপনার স্থানীয় রিটার্নিং অফিসার বা স্থানীয় নির্বাচনী পরিষেবার কাছে লিখতে পারেন, যেন তাদের অবহিত করতে পারেন যে স্বাধীনভাবে ভোট দিতে সক্ষম হওয়ার জন্য আপনার যৌক্তিক ব্যবস্থা প্রয়োজন। তাদের যোগাযোগের তথ্য খুঁজতে, আপনি ইলেক্টোরাল কমিশনের পোস্টকোড লুক আপ টুলটি https://www.electoralcommission.org.uk/i-am-a/voter/your-election-information ব্যবহার করতে পারেন, এবং যোগাযোগ করতে RNIB-এর টেমপ্লেট বিজ্ঞপ্তি চিঠি ব্যবহার করতে পারেন, এখানে উপলভ্য https://www.rnib.org.uk/documents/1604/Notification_template_for_individuals_to_send_to_Returning_Officers.docx

ভোটকেন্দ্রের কর্মীদের কাছে নির্দেশিকাও দেওয়া হয়েছে এটা স্পষ্ট করার জন্য যে মোবাইল ফোনের অ্যাপস (যেমন "Seeing AI" যা কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহার করে প্রিন্ট করা টেক্সট পড়তে পারে), অথবা ভিডিও ম্যাগনিফাইং ডিভাইসগুলি অন্ধ এবং আংশিক দৃষ্টিসম্পন্ন ব্যক্তিরা একটি যৌক্তিক ব্যবস্থা হিসাবে ভোট দিতে ব্যবহার করতে পারেন।

**আমি ভোট কেন্দ্রে সমস্যার সম্মুখীন হলে আমার কী করা উচিত?**

আপনি যদি ভোটকেন্দ্রে কোনো সমস্যার সম্মুখীন হন বা আপনার অভিজ্ঞতা সম্পর্কে প্রতিক্রিয়া জানাতে চান, আপনি আপনার স্থানীয় কাউন্সিলে নির্বাচনী পরিষেবা টিমের সাথে যোগাযোগ করতে পারেন। আপনার স্থানীয় নির্বাচনী পরিষেবা টিমের সাথে যোগাযোগ করতে, আপনার পোস্ট কোড লিখুন - https://www.electoralcommission.org.uk/i-am-a/voter/your-election-information

## বেনামী ভোট দেওয়া

**বেনামী নিবন্ধন কী?**

যখন কেউ ভোট দেওয়ার জন্য নিবন্ধন করবে, তখন তার নাম এবং ঠিকানা নির্বাচনী রেজিস্টারে প্রদর্শিত হবে। যদি কেউ উদ্বিগ্ন হন যে তার নাম এবং ঠিকানা নির্বাচনী রেজিস্টারে থাকা তার নিরাপত্তাকে ঝুঁকির মধ্যে ফেলতে পারে, তাহলে তিনি বেনামী ভোটার হিসাবে নিবন্ধনের জন্য আবেদন করতে পারেন।

নির্বাচনী রেজিস্টারে এন্ট্রিগুলি সাধারণত এইভাবে প্রদর্শিত হয়:
FBC412 Vella, John 59 Green Lane
BC413 Vella, Veronica 59 Green Lane

নির্বাচনী রেজিস্টারে বেনামী এন্ট্রিগুলি এইভাবে প্রদর্শিত হয়:
BC602 N

'N' নির্দেশ করে যে এই এন্ট্রিটি বেনামে নিবন্ধিত ভোটারের সাথে সম্পর্কিত। এর মানে হল বেনামে ভোট দেওয়ার জন্য নিবন্ধিত লোকেরা এখনও ভোট দিতে সক্ষম হবেন, তবে তাদের নাম এবং ঠিকানা নির্বাচনী রেজিস্টারে থাকবে না।

**আমি কি বেনামে নিবন্ধন করতে পারব?**

যে কেউ বেনামে ভোট দেওয়ার জন্য নিবন্ধন করতে চান তাদের জন্য এগুলি প্রয়োজন হবে:

- একটি আবেদনপত্র পূরণ করা
- তার বিশদ বিবরণ নির্বাচনী রেজিস্টারে থাকলে কেন তার নিরাপত্তা, বা তার পরিবারের কারো নিরাপত্তা ঝুঁকির মধ্যে পড়বে তা ব্যাখ্যা করা
- তার নিবন্ধনের সমর্থনে প্রমাণ জমা দেওয়া
- তার স্থানীয় কাউন্সিলে আবেদনপত্র, ব্যাখ্যা এবং প্রমাণ জমা দেওয়া

আপনি বেনামে নিবন্ধন করার জন্য একটি গাইড ডাউনলোড করতে পারেন, যা Women's Aid-এর সাথে অংশীদারিত্বে

তৈরি করা হয়েছে
https://www.electoralcommission.org.uk/resources/democratic-engagement-resources/supporting-domestic-abuse-survivors-register-vote-anonymously. আপনি এখানে প্রিন্ট আবেদন ফর্মটি পাবেন
https://www.electoralcommission.org.uk/sites/default/files/2021-02/Register-to-vote-anonymously-resident-in-England_0.pdf

বেনামে ভোট দেওয়ার জন্য নিবন্ধন করতে আপনার সাহায্যের প্রয়োজন হলে, আপনি আপনার স্থানীয় কাউন্সিলের সাথে যোগাযোগ করতে পারেন। তাদের যোগাযোগের বিবরণ খুঁজে পেতে আপনার পোস্টকোড প্রবেশ করুন এখানে
https://www.electoralcommission.org.uk/i-am-a/voter/your-election-information

**আমি বেনামে ভোট দেওয়ার জন্য নিবন্ধিত, ফটো আইডির শর্ত কীভাবে আমার সশরীরে ভোট দেওয়ার উপায় পরিবর্তন করে?**

বেনামী ইলেক্টর যারা ভোটকেন্দ্রে সশরীরে ভোট দিতে চান তাদের স্বীকৃত ফটো আইডি হিসাবে একটি বেনামী ইলেক্টরের ডকুমেন্ট প্রদান করতে হবে। এটি একটি ডকুমেন্ট যেটিতে রয়েছে আপনার ভোটার নম্বর এবং ফটোগ্রাফ যা আপনার পরিচয় যাচাই করার পরে আপনার স্থানীয় নির্বাচনী নিবন্ধন অফিসার প্রদান করে। একজন বেনামী ইলেক্টর হিসাবে আপনি স্বীকৃত ফটো আইডির অন্যান্য ফর্ম ব্যবহার করতে পারবেন না। সশরীরে ভোট দেওয়ার সময় আপনাকে আপনার পোল কার্ড এবং বেনামী ইলেক্টরের ডকুমেন্ট উপস্থাপন করতে হবে।

যারা ইতোমধ্যেই বেনামে ভোট দেওয়ার জন্য নিবন্ধিত হয়েছেন, বা যারা নির্বাচনের আগে বেনামে ভোট দেওয়ার জন্য নিবন্ধন করেছেন, তাদের স্থানীয় কাউন্সিল দ্বারা **একটি বেনামী ইলেক্টরের ডকুমেন্টের** জন্য আবেদন করতে আমন্ত্রণ জানানো হবে। একটি অনুরোধ করার জন্য আপনি স্থানীয় কাউন্সিলের সাথেও যোগাযোগ করতে পারেন। আপনি আপনার পোস্টকোড প্রবেশ করে তাদের বিবরণ খুঁজে পেতে পারেন এখানে
https://www.electoralcommission.org.uk/i-am-a/voter/your-election-information

**আমি কীভাবে একটি বেনামী ইলেক্টরের ডকুমেন্টের জন্য আবেদন করব?**

বেনামী ইলেক্টরের ডকুমেন্টের জন্য আবেদন করার সময়, আপনাকে আপনার যা যা প্রদান করতে হবে:

- নাম
- ঠিকানা
- জন্মতারিখ
- ন্যাশনাল ইন্সুরেন্স নম্বর

আপনি যদি আপনার ন্যাশনাল ইন্সুরেন্স নম্বর না জানেন, তাহলে আপনি এটি আপনার পেস্লিপে বা ট্যাক্স, পেনশন বা সুবিধা সম্পর্কিত অফিসিয়াল চিঠিতে দেখতে পারেন। যদি আপনি এটি খুঁজে না পান, তবুও আপনি আপনার আবেদনপত্র সম্পূর্ণ করতে পারবেন,

এবং আপনাকে আপনার পরিচয় যাচাই করার জন্য আইডির বিকল্প ফর্ম প্রদান করতে বলা হবে, যেগুলিতে থাকতে পারে একটি জন্মসনদ, ব্যাঙ্ক স্টেটমেন্ট বা ইউটিলিটি বিল। আপনি যদি আপনার যোগাযোগের বিবরণ দিয়ে যান তাহলে আপনার কাউন্সিল এটির ব্যবস্থা করার জন্য আপনার সাথে যোগাযোগ করবে।

এছাড়াও আপনার কাছে পরিচয়ের অন্য কোনো স্বীকৃত প্রমাণ না থাকলে আপনি পরিচিত কাউকে আপনার পরিচয় যাচাই করার জন্য স্থানীয় কাউন্সিলের কাছে একটি প্রত্যয়ন প্রদান করতে বলতে পারেন। কে একটি প্রত্যয়ন প্রদান করতে পারে সে সম্পর্কে আপনার স্থানীয় কাউন্সিল আরও তথ্য প্রদান করতে পারবে। আপনি আপনার পোস্টকোড প্রবেশ করে তাদের যোগাযোগের বিবরণ খুঁজে পেতে পারেন এখানে
https://www.electoralcommission.org.uk/i-am-a/voter/your-election-information

**একটি বেনামী ইলেক্টরের ডকুমেন্ট দেখতে কেমন?**

একটি বেনামী ইলেক্টরের ডকুমেন্টের উপরে 'ইলেক্টরের ডকুমেন্ট' শব্দটি লেখা আছে, এবং বেনামে ভোট দেওয়ার জন্য নিবন্ধিত হওয়া ভোটারের অবস্থা উল্লেখ করে না।

একটি বেনামী ইলেক্টরের ডকুমেন্টে যা থাকবে:

- ইস্যুর তারিখ
- আপনার ফটো
- আপনার নির্বাচনী নম্বর (সেই নম্বর যেটি আপনার নাম এবং ঠিকানার পরিবর্তে নির্বাচনী রেজিস্টারে প্রদর্শিত হবে)
- একটি উপযুক্ত শনাক্তকারী (যা নির্বাচনী নিবন্ধন কর্মকর্তাদের দ্বারা ব্যবহৃত সফ্টওয়্যার দ্বারা তৈরি 20টি অক্ষর এবং সংখ্যার মিশ্রণ)

আপনি যদি একজন বেনামী ভোটার হন, তাহলে আপনি ভোট কেন্দ্রে যাওয়ার সময় আপনার বেনামী ইলেক্টরের ডকুমেন্ট আনতে হবে। আপনাকে আপনার সাথে গৃহীত ফটো আইডির অতিরিক্ত ফর্ম আনতে হবে না।

**ভোট কেন্দ্রে কী হবে?**

বেনামী ভোটাররা তাদের ভোটকেন্দ্রে যাওয়ার সময় তাদের পোল কার্ড এবং তাদের বেনামী ইলেক্টরের ডকুমেন্ট উভয়ই আনতে হবে।

যখন আপনি পৌঁছাবেন, আপনাকে একজন কর্মী অভ্যর্থনা জানাবেন, যিনি এগুলি করবেন:

1. আপনার পোল কার্ড দেখতে বলবেন - আপনাকে আপনার নাম এবং ঠিকানা প্রদান করতে হবে না
2. রেজিস্টারে আপনার ভোটার নম্বর খুঁজবেন
3. আপনার বেনামী ইলেক্টরের ডকুমেন্ট চেক করবেন
4. আপনাকে তালিকাতে ক্রস দিবেন, এবং আপনাকে আপনার ব্যালট পেপার দিবেন

ভোট কেন্দ্রে একটি ব্যক্তিগত স্থান পাওয়া যাবে যেন আপনি ব্যক্তিগতভাবে আপনার বেনামী ইলেক্টরের ডকুমেন্ট দেখাতে পারেন। ভোট কেন্দ্রের উপর নির্ভর করে এটি একটি পৃথক কক্ষ বা গোপনীয়তার পর্দা দিয়ে পৃথক করা একটি স্থান হতে পারে।

**আমি বেনামে নিবন্ধিত হলে আমাকে কি সশরীরে ভোট দিতে হবে?**

না, আপনি যদি পোলিং স্টেশনে সশরীরে যেতে ভোট দিতে না চান তাহলে আপনি ডাকযোগে বা প্রক্সির মাধ্যমে ভোট দেওয়ার জন্য নিবন্ধন করতে পারবেন। ডাকযোগে বা প্রক্সির মাধ্যমে ভোট দিতে আবেদন করতে বা ভোট দিতে আপনার ফটো আইডি প্রদান করতে হবে না। পোলিং স্টেশনে আপনার পক্ষে ভোট দেওয়ার জন্য আপনার প্রক্সিকে তাদের নিজস্ব গ্রহণযোগ্য ফটো আইডি দেখাতে হবে।

প্রক্সি বা ডাকযোগে ভোট দেওয়ার জন্য আপনাকে অনলাইনে https://www.gov.uk/apply-proxy-vote বা https://www.gov.uk/apply-postal-vote-এ আবেদন করতে হবে।

আপনি অনলাইনে আবেদন করতে না পারলে আপনি https://www.gov.uk/government/collections/proxy-voting-application-forms থেকে একটি সম্পূর্ণ প্রক্সি ভোটের আবেদন ফর্ম বা https://www.gov.uk/government/publications/apply-for-a-postal-vote থেকে একটি ডাকযোগে ভোটের আবেদন ফর্ম ডাউনলোড করে সেটা পূরণ করে আপনার স্থানীয় নির্বাচনী নিবন্ধন অফিসে পাঠাতে পারবেন বা আপনার কাছে একটি ফর্ম ডাকযোগে পাঠানোর অনুরোধ করতে পারবেন।

https://www.electoralcommission.org.uk/i-am-a/voter/your-election-information থেকে আপনি আপনার বরো এর নির্বাচনী পরিষেবা সম্পর্কে তথ্য পাবেন।

বেনামী ভোট প্রদান সম্পর্কিত আরো তথ্যের জন্য https://www.electoralcommission.org.uk/voting-and-elections/ways-vote/how-vote-anonymously দেখুন।

## আইনি এবং ডিজিটাল ইমপ্রিন্ট

### আইনি এবং ডিজিটাল ইমপ্রিন্ট কি?

স্বচ্ছতা প্রদান করার জন্য আইনি (মুদ্রিত বিষয়বস্তু) এবং ডিজিটাল (ডিজিটাল বিষয়বস্তু) ইমপ্রিন্ট নির্দেশ করে যে কে ক্যাম্পেইন এবং রাজনৈতিক বিষয়বস্তু প্রকাশ করার জন্য দায়ী এবং কাদের জন্য তারা এই প্রচার করছেন (যেমন, কারা প্রচারের জন্য অর্থ প্রদান করেছেন)। তাই, কে বা কারা আপনাকে তথ্য প্রদান করছে বা প্রভাবিত করার চেষ্টা করছে সে বিষয়ে আপনি নিশ্চিত না হলে আপনি ইমপ্রিন্ট দেখতে পারেন।

আমরা আমাদের কমিউনিটির ডেলিভারি পার্টনার এবং গ্রান্টিদের জন্য যে ধরণের ইমপ্রিন্ট টেমপ্লেট ব্যবহার করে তার একটি উদাহরণ নিচে দেওয়া হলো:

"বৃহত্তর লন্ডন কর্তৃপক্ষ দ্বারা সমর্থিত, City Hall, Kamal Chunchie Way, London E16 1ZE। মুদ্রণ এবং প্রচার করেছেন [name of organisation], [registered address of organisation]।"

ইমপ্রিন্ট সম্পর্কে আরো বিস্তারিত তথ্যের জন্য https://www.electoralcommission.org.uk/imprints এ ভিজিট করুন।

## ভোটারদের জন্য আরো বিষয়বস্তু এবং রিসোর্স

### আমি ভোটার নিবন্ধন এবং ভোটার আইডি তথ্যের অ্যাক্সেসযোগ্য রিসোর্স কোথায় পেতে পারি?

প্রতি বছর, GLA সবচেয়ে ব্যাপকভাবে স্পোকেন লন্ডন কমিউনিটির ভাষায় ডিজিটাল এবং মুদ্রণ রিসোর্স তৈরি করে। আপনি সেগুলি GLA ডেমোক্রেসি হাবে খুঁজে পাবেন এখানে https://registertovote.london/. সেখানে আপনি ডি/বধির এবং অক্ষম লন্ডনবাসীদের জন্য রিসোর্সগুলিও খুঁজে পেতে পারেন।

নির্বাচন কমিশন তার নিজস্ব যুক্তরাজ্য-ব্যাপী তথ্য সামগ্রী প্রদান করে যা আপনি অ্যাক্সেস করতে পারেন এখানে https://www.electoralcommission.org.uk/ ।

### হিজড়া এবং নন-বাইনারী ভোটারদের জন্য আমি কোথায় আরও তথ্য পেতে পারি?

GLA ভোটার আইডি প্রচারাভিযানের অনুদান কর্মসূচির প্রথম পর্বের অনুদানপ্রাপ্ত হিসাবে, LGBT Hero হিজড়া এবং নন-বাইনারী ভোটারদের জন্য নির্দিষ্ট রিসার্স নিয়ে LGBTQIA+ কমিউনিটির জন্য রিসোর্স সহ একটি ভোটার আইডি হাব তৈরি করেছে। আপনি তা খুঁজে পাবেন এখানে https://www.lgbthero.org.uk/pages/category/lgbtq-photo-voter-id-london-elections

### আমি অন্য কমিউনিটিগুলি কোথায় পেতে পারি - নির্দিষ্ট তথ্য এবং রিসোর্স?

ট্রাভেলার মুভমেন্টও (Traveller Movement) একটি GLA ভোটার আইডি কমিউনিটি অনুদানপ্রাপ্ত ছিল এবং আপনি এখানে জিপসি, রোমা এবং ভ্রমণকারীদের জন্য তাদের রিসোর্স খুঁজে পেতে পারেন https://travellermovement.org.uk/operation-traveller-vote

ব্রিটেনের মুসলিম কাউন্সিল কিছু নির্দেশিকা তৈরি করেছে যা এখানে উপলভ্য রয়েছে https://mcb.org.uk/local-elections-2023-voter-id-and-face-coverings/

একটি ফেজ 2 GLA গ্রান্টি হওয়ার কারণে, EU লন্ডনবাসীদের তাদের গণতান্ত্রিক অধিকার বুঝতে সহায়তা করার জন্য নতুন ইউরোপীয় UK বিভিন্ন কমিউনিটির ভাষায় নিরপেক্ষ রিসোর্স প্রস্তুত করেছে। এগুলো https://neweuropeans.uk/voter-id-awareness/-এ পাওয়া যাবে।

**আমি কাকে ভোট দেব?**

GLA - সমন্বিত ভোটার আইডি জনসচেতনতামূলক প্রচারাভিযান সম্পর্কিত সমস্ত উপকরণ ও কার্যকলাপ এবং বার্ষিক লন্ডন ভোটার নিবন্ধন সপ্তাহ সম্পূর্ণরূপে নিরপেক্ষ এবং নির্দলীয় রাজনৈতিক। GLA বা সাউট আউট ইউকের কোনো রাজনৈতিক দল বা প্রার্থীকে সমর্থন করার ইচ্ছা নেই, তাই আমরা কিভাবে লন্ডনবাসীদেরকে তাদের ভোট দিতে হবে সে বিষয়ে মতামত শেয়ার করি না।

ভোটের জন্য নিবন্ধন করা এবং ভোট দেওয়ার জন্য আপনার একটি ফটো আইডি থাকা নিশ্চিত করার মাধ্যমে আপনি আপনার সম্ভব্য স্থানীয় বা জাতীয় প্রতিনিধি সম্পর্কে জানতে পারবেন এবং আপনাকে এবং আপনার প্রয়োজনীয়তা কার মাধ্যমে প্রতিনিধিত্ব করাতে চান সে বিষয়ে সিদ্ধান্ত নিতে পারবেন। আপনি আপনার নিজস্ব গবেষণা করতে পারেন এখানে https://whocanivotefor.co.uk/ এবং আপনার সিদ্ধান্ত নিজে নিন।

মনে রাখবেন, আপনার ভোট আপনার ভয়েস এবং আপনার ভয়েস গুরুত্বপূর্ণ! #NoVoteNoVoice